3. **Classes of Civil Courts:** There shall be the following classes of Civil Courts, namely:-
  - (1) the Court of the District Judge;
  - (2) the Court of the Additional District Judge;
  - (3) the Court of the Joint District Judge;
  - (4) the Court of the Senior Assistant Judge; and
  - (5) the Court of the Assistant Judge.
4. **Number of Judges:** The Government may alter the number of District Judges, Additional District Judges, Joint District Judges, Senior Assistant Judges and Assistant Judges now fixed.

5. *Repealed*6. **Vacancies among District or Joint District Judges:**

- (1) Whenever the office of District Judge or Joint District Judge is vacant by reason of the death, resignation or removal of the Judge or other cause, or whenever an increase in the number of District or Joint District Judges has been made under the provisions of section 4, the Government or, as case may be, the High Court Division may fill up the vacancy or appoint the Additional District Judges or Joint District Judges.
- (2) Nothing in this section shall be construed to prevent the Government from appointing a District Judge or Joint District Judge to discharge, for such period as it thinks fit, in addition to the functions devolving on him as such District Judge or Joint District Judge, all or any of the functions of another District Judge or Joint District Judge, as the case may be.

7. *Repealed*8. **Additional District Judges:**

- (1) When the business pending before any District Judge requires the aid of Additional District Judges for its speedy disposal, the Government may, having consulted the High Court Division, appoint such Additional District Judges as may be required.
- (2) Additional District Judges so appointed shall discharge any of the functions of a District Judge which the District Judge may assign to them, and, in the discharge of those functions, they shall exercise the same powers as the District Judge.

9. **Administrative Control of Courts:** Subject to the superintendence of the High Court Division, the District Judge shall have administrative control over all the Civil Courts under this Act within the local limits of his jurisdiction.10. **Temporary Charge of District Court:**

- (1) In the event of the death, resignation or removal of the District Judge, or of his being incapacitated by illness or otherwise for the performance of his duties, or of his absence from the place at which his Court is held, the Additional District Judges, or if an

Additional District Judge is not present at that place, the Joint District Judge present thereat, shall, without relinquishing his ordinary duties, assume charge of the office of the District Judge, and shall continue in charge thereof until the office is resumed by the District Judge or assumed by an officer appointed thereto.

- (2) While in charge of the office of the District Judge, the Additional District Judge or Joint District Judge, as the case may be, may, subject to any rules which the High Court Division may make in this behalf, exercise any of the powers of the District Judge.
11. **Transfer of Proceedings on vacation of office of Joint District Judge:**
- (1) In the event of the death, resignation or removal of a Joint District Judge, or of his being incapacitated by illness or otherwise for the performance of his duties, or of his absence from the place at which his Court is held, the District Judge may transfer all or any of the proceedings pending in the Court of the Joint District Judge either to his own Court or to any Court under his administrative control competent to dispose of them.
  - (2) Proceedings transferred under sub-section (1) shall be disposed of as if they had been instituted in the Court to which they are so transferred:
  - (3) Provided that the District Judge may re-transfer to the Court of the Joint District Judge or his successor any proceedings transferred under subsection (1) to his own or any other Court.
  - (4) For the purposes of proceedings which are not pending in the Court of the Joint District Judge on the occurrence of an event referred to in sub-section (1), and with respect to which that Court has exclusive jurisdiction, the District Judge may exercise all or any of the jurisdiction of that Court.
12. **Repealed.**
13. **Power to fix local limits of jurisdiction of courts:**
- (1) The Government may, by notification in the official Gazzate, fix and alter the local limits of the jurisdiction of any Civil Court under this Act.

- (2) If the same local jurisdiction is assigned to two or more Joint District Judges or two or more Senior Assistant Judges or Assistant Judges, the District Judge may assign to each of them such civil business cognizable by the Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge, as the case may be, as, subject to any general or special orders of the High Court Division, he thinks fit.
- (3) When civil business arising in any local area is assigned by the District Judge under sub-section (2) to one of two or more Joint District Judges or to one or two or more Senior Assistant Judges or Assistant Judges, a decree or order passed by the Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge shall not be invalid by reason only of the case in which it was made having arisen wholly or in part in a place beyond the local area if that place is within the local limits fixed by the Bangladesh Government under sub-section (1).
- (4) A Judge of a Court of Small Causes appointed to be also a Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge is a Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge, as the case may be, within the meaning of this section.
- (5) The present local limits of the jurisdiction of every Civil Court under this Act shall be deemed to have been fixed under this section.

14. **Place of Sitting of courts:**

- (1) The Government may, by notification in the Official Gazette, fix and alter the place or places at which any Civil Court under this Act is to be held.
- (2) All places at which any such Courts are now held shall be deemed to have been fixed under this section.

15. **Vacation of Courts:**

- (1) Subject to such orders as may be made by the Government the High Court Division shall prepare a list of days to be observed in each year as closed holidays in the Civil Courts.

- (2) The list shall be published in the Official Gazette.
  - (3) A judicial act done by a Civil Court on a day specified in the list shall not be invalid by reason only of its having been done on that day.
16. **Seals of Courts:** Every Civil Court under this Act shall use a seal of such form and dimensions as are prescribed by the Government.
17. **Continuance of Proceedings of Courts ceasing to have jurisdiction:**
- (1) Where any Civil Court under this Act has from any cause ceased to have jurisdiction with respect to any case, any proceedings in relation to that case which, if that Court had not ceased to have jurisdiction, might have been had therein may be had in the Court to which the business of the former Court has been transferred.
  - (2) Nothing in this section applies to cases for which provision is made in sections 36, 37 and 114 of and rule 1 of Order XLVII in Schedule I of the Code of Civil Procedure, 1908 or in any other enactment for the time being in force.

### Chapter III

#### ORDINARY JURISDICTION

18. **Extent of Original Jurisdiction of District Judge and Joint District Judge:** Save as otherwise provided by any enactment for the time being in force, the jurisdiction of a District Judge or Joint District Judge extends, subject to the provisions of section 15 of the Code of Civil Procedure, 1908 to all original suits for the time being cognizable by Civil Courts.
19. **Extent of Jurisdiction of Senior Assistant Judge, etc:** Save as otherwise provided by any enactment for the time being in force, the jurisdiction of a Senior Assistant Judge and an Assistant Judge shall

extend to all suits of which the value does not exceed four lac taka and two lac taka respectively.

**20. Appeals from District Judge and Additional District Judges:**

(1) Save as otherwise provided by any enactment for the time being in force, an appeal from a decree or order of a District Judge or Additional District Judge shall lie to the High Court Division.

(2) An appeal shall not lie to the High Court Division from a decree or order of an Additional District Judge in any case in which, if the decree or order had been made by the District Judge, an appeal would not lie to that Court.

**21. Appeals from Joint District Judge etc.:**

(1) Save as aforesaid, an appeal from a decree or order of a Joint District Judge shall lie-

(a) to the District Judge where the value of the original suit in which or in any proceeding arising out of which the decree or order was made did not exceed five lac taka; and

(b) to the High Court Division in any other case.

(2) Save as aforesaid, an appeal from a decree or order of a Senior Assistant Judge or Assistant Judge shall lie to the District Judge.

(3) Where the function of receiving any appeal which lie to the District Judge under sub-section (1) or sub-section (2) has been assigned to an Additional District Judge, the appeals may be preferred to the Additional District Judge.

(4) The High Court Division may, with the previous sanction of the Government, direct, by notification in the Official Gazette, that appeals lying to the District Judge under sub-section (2) from all or any of the decrees or orders of any Senior Assistant Judge or an Assistant Judge, shall be preferred to the Court of such Joint District Judge as may be mentioned in the notification, and the appeals shall thereupon be preferred accordingly.



**Chapter IV**

**SPECIAL JURISDICTION**

**22. Power of District Judge to transfer appeals:**

- (1) A District Judge may transfer to any Joint District Judge under his administrative control any appeals pending before him from the decrees or orders of Senior Assistant Judges or Assistant Judges.
- (2) The District Judge may withdraw any appeal so transferred, and either hear and dispose of it himself or transfer it to a Court under his administrative control competent to dispose of it.
- (3) Appeals transferred under this section shall be disposed of subject to the rules applicable to like appeals when disposed of by the District Judge.

**23. Exercise by Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge of Jurisdiction of District Court in certain proceedings.**

- (1) The High Court Division may, by general or special order, authorize any Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge to take cognizance of, or any District Judge to transfer to a Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge under his administrative control, any of the proceedings next hereinafter mentioned or any class of those proceedings specified in the order.
- (2) The proceedings referred to in sub-section (1) are the following, namely :-
  - (a) Proceedings under the Bengal Wills and Intestacy Regulation, 1799;
  - (c) \* \* \* \* \* omitted.
  - (d) proceedings under the Succession Act, 1925 which cannot be disposed of by District Delegates; and
- (3) The District Judge may withdraw any such proceedings taken cognizance of by, or transferred to, a Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge, and may either himself dispose of them or transfer them to a Court under his administrative control competent to dispose of them.

**24. Disposal of Proceedings referred to in the last foregoing section:**

- (1) Proceedings taken cognizance of by, or transferred to, Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge, as the case may be, under the last foregoing section shall be disposed of by him subject to the rules applicable to like proceedings when disposed of by the District Judge: Provided that an appeal from an order of a Senior Assistant Judge or Assistant Judge in any such proceeding shall lie to the District Judge.
- (2) An appeal from the order of District Judge on the appeal from the order of the Senior Assistant Judge or Assistant Judge under this section shall lie to the High Court Division if a further appeal from the order of the District Judge is allowed by the law for the time being in force.

**25. Power to invest Joint District Judges and Senior Assistant Judges or Assistant Judges with Small Cause Court Jurisdiction:**

The Government may, by notification in the official Gazette, confer, within such local limits as it thinks fit, upon any Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge the jurisdiction of a Judge of a Court of Small Causes under the Small Cause Courts Act, 1887, for the trial of suits, cognizable by such Courts, upto such value not exceeding twenty thousand taka in the case of a Joint District Judge or ten thousand taka in the case of a Senior Assistant Judge or six thousand taka in the case of any other Assistant judge as it thinks fit, and may withdraw any jurisdiction so conferred: Provided that the Government may, by notification in the official Gazette, delegate to the High Court Division its powers under this section.

**25A. Reference of Judges in other laws:**

Where in any other law for the time being in force any reference is made to Additional Judge, or Subordinate Judge, or Assistant Judge, the reference shall be construed respectively as to Additional District Judge, or Joint District Judge or Senior Assistant Judge or Assistant Judge as the case may be.

**Sections 26 to 35 omitted.**

**Chapter VII**

**SUPPLEMENTAL PROVISIONS**

36. **Power to confer powers of Civil Courts on Officers:**
- (1) The Government may invest with powers of any Civil Court under this Act, by name or in virtue of office,--
    - (a)..... repealed.
    - (b) after consultation with the High Court Division, any officer serving in any part of the territories to which this Act extends and belonging to a class defined in this behalf by the Government.
  - (2) Nothing in sections 4, 5, 6, 8, 10 or 11 applies to any officer so invested, but all the other provisions of this Act shall, so far as those provisions can be made applicable, apply to him as if he were a Judge of the Court with the powers of which he is invested.
  - (4) Where the place at which the Court of an officer invested with powers under sub-section (1) is to be held has not been fixed under section 14, the Court may be held at any place within the local limits of its jurisdiction.
37. **Certain decisions to be according to local law:**
- (1) Where in any suit or other proceeding it is necessary for a Civil Court to decide any question regarding succession, inheritance, marriage or caste, or any religious usage or institution, the Muslim law in cases where the parties are Muslims, and the Hindu law in cases where the parties are Hindus, shall form the rule of decision except in so far as such law has, by legislative enactment, been altered or abolished.
  - (2) In cases not provided for by sub-section (1) or by any other law for the time being in force, the Court shall act according to justice, equity and good conscience.

**38. Judges not to try suits in which they are interested:**

- (1) The presiding officer of a Civil Court shall not try any suit or other proceeding to which he is a party or in which he is personally interested.
- (2) The presiding officer of an appellate Civil Court under this Act shall not try an appeal against a decree or order passed by himself in another capacity.
- (3) When any such suit, proceeding or appeal as is referred to in sub-section (1) or sub-section (2) comes before any such officer, the officer shall forthwith transmit the record of the case to the Court to which he is immediately subordinate, with a report of the circumstances attending the reference.
- (4) The superior Court shall thereupon dispose of the case under section 24 of the Code of Civil Procedure, 1908.
- (5) Nothing in this section shall be deemed to affect the extraordinary original civil jurisdiction of the High Court Division.

**39. Subordination of Courts to District Court:**

For the purposes of the last foregoing section the presiding officer of a Court subject to the administrative control of the District Judge shall be deemed to be immediately subordinate to the Court of the District Judge, and, for the purposes of the Code of Civil Procedure, 1908 the Court of such an officer shall be deemed to be of a grade inferior to that of the Court of the District Judge.

**40. Application of Act to the Courts of Small Causes:**

- (1) This section and sections 15, 32, 37, 38 and 39 apply to Courts of Small constituted under the Small Cause Courts Act 1887.
- (2) Save as provided by that Act, the other sections of this Act do not apply to those Courts.

## APPENDIX-2

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ জানুয়ারি ২০০৭ ইং/০৩ মাঘ ১৪১৩ বাং

এস, আর, ও নং ৭-আইন/ ২০০৭। যেহেতু বিচার বিভাগীয় পদে দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণের বিষয়ে পৃথক বিধিমালা প্রণয়নের জন্য সংবিধানের ১১৫ অনুচ্ছেদে রাষ্ট্রপতিকে ক্ষমতা প্রদান করা হইয়াছে;

এবং যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ৭৯/১৯৯৯ নম্বর সিভিল আপীলে প্রদত্ত রায়ে সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে একটি জুডিসিয়াল সার্ভিস কমিশন গঠনের নির্দেশনা রহিয়াছে;

সেহেতু সুপ্রীম কোর্টের উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য জুডিসিয়াল সার্ভিস কমিশন গঠনের উদ্দেশ্যে সংবিধানের ১১৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন :

১. **সংক্ষিপ্ত শিরোনাম।-** এই বিধিমালা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।
২. **সংজ্ঞা।-** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -
  - ক) “কমিশন” অর্থ বিধি ৩ এর অধীন গঠিত জুডিসিয়াল সার্ভিস কমিশন;
  - খ) “চেয়ারম্যান” অর্থ কমিশনের চেয়ারম্যান;
  - গ) “প্রবেশ পদ” অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সহকারী জজ পদ;
  - ঘ) “সরকারী কর্ম কমিশন” Bangladesh Public Service Commission Ordinance, 1977 (LVII of 1977) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Public Service Commission;
  - ঙ) “সদস্য” অর্থ কমিশনের কোন সদস্য;
  - চ) “সার্ভিস” অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস।

৩. **কমিশন প্রতিষ্ঠা ও উহার গঠন।-** (১) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন নামে একটি কমিশন থাকিবে।

(২) কমিশন নিম্নরূপ সদস্যদের সমন্বয়ে গঠিত হইবে, যথা :

- ক) প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের আপীল বিভাগের একজন বিচারক, যিনি হইার চেয়ারম্যানও হইবেন;
- খ) প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দুইজন বিচারক;
- গ) অ্যাটর্নী জেনারেল, পদাধিকার বলে;
- ঘ) রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত আইন কমিশনের একজন সদস্য;
- ঙ) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, পদাধিকারবলে;
- চ) সচিব, অর্থ বিভাগ, পদাধিকারবলে;
- ছ) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, পদাধিকারবলে;
- জ) রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত ঢাকা অথবা রাজশাহী অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডীন;
- ঝ) রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, পদাধিকারবলে;
- ঞ) জেলা জজ, ঢাকা, পদাধিকারবলে।

(৩) কমিশনের কোন পদে শূন্যতার কারণে উহার কোন কর্মধারার বৈধতা ক্ষুণ্ণ হইবেনা।

৪. কমিশনের সচিবালয়।- (১) কমিশনের একটি নিজস্ব সচিবালয় থাকিবে এবং রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী সমন্বয়ে উহা গঠিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সচিবালয় গঠিত না হওয়া পর্যন্ত -

- ক) সরকারী কর্ম কমিশনের সচিবালয় কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে এবং উক্ত সচিবালয় কমিশনের সচিবালয় হিসাবে গণ্য হইবে;
- খ) সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব কমিশনের সচিবের দায়িত্ব পালন করিবেন।

৫. কমিশনের দায়িত্ব।- কমিশনের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা :

- ক) সার্ভিসের প্রবশ পদে নিয়োগদানের জন্য উপযুক্ত ব্যক্তিদিগকে মনোনয়নের উদ্দেশ্যে যাচাই ও পরীক্ষা পরিচালনা এবং রাষ্ট্রপতির নিকট প্রার্থীর নাম সুপারিশ করা;

খ) রাষ্ট্রপতি কর্তৃক সার্ভিস পদে নিয়োগ বা তৎসংক্রান্ত অন্য যে কোন বিষয় সম্পর্কে কমিশনের পরামর্শ চাওয়া হইলে কিংবা কমিশনের দায়িত্ব সংক্রান্ত কোন বিষয় কমিশনের নিকট প্রেরণ করা হইলে, সেই সম্পর্কে রাষ্ট্রপতিকে উপদেশ দান; এবং

গ) আইন বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ বা ১৩৩ অনুচ্ছেদের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য দায়িত্ব পালন।

৬. কমিশনের সভা।- (১) এই বিধির অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কমিশন ইহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কমিশনের সভা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৩) কমিশনের সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে বিধি ৩ এবং উপ-বিধি ২ এর উল্লেখিত ক্রমানুসারে সদস্য সভাপতিত্ব করিবেন; কমিশনের সভায় কোরামের জন্য উহার অনূ্যন ছয়জন সদস্যের, সভাপতি বা সভাপতিত্বকারী সদস্যসহ, উপস্থিতির প্রয়োজন হইবে এবং মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৪) উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে কমিশনের সিদ্ধান্ত গৃহীত হইবে এবং মতামতের সমতার ক্ষেত্রে, সভায় সভাপতিত্বকারী সদস্যের নির্ণায়ক সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা থাকিবে।

৭. বার্ষিক প্রতিবেদন।- কমিশন প্রতি বৎসর ৩১শে মার্চের মধ্যে পূর্ববর্তী বৎসরে সম্পাদিত স্বীয় কার্যাবলী সম্পর্কে একটি প্রতিবেদন রাষ্ট্রপতির নিকট পেশ করিবে।

৮. আদেশ জারীর ক্ষমতা।- এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশন, রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, এই বিধিমালার সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ বিধান প্রণয়ন করিতে পারিবে।

৯. অন্তর্বর্তীকালীন সময়ের জন্য বিশেষ বিধান।- এই বিধিমালা প্রবর্তনের সময় Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982 এর বিধান অনুযায়ী সার্ভিসের প্রবেশ পদে নিয়োগের উদ্দেশ্যে সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত কোন কার্যক্রম অসম্পূর্ণ থাকিলে জুডিসিয়াল

সার্ভিস কমিশন নিজে তাহা সম্পন্ন করিতে পারিবে বা সরকারী কর্মকমিশনকে তাহা সম্পন্ন করিবার জন্য অনুরোধ করিতে পারিবে।

১০. রহিতকরণ ও হেফাজত।- (১) এই বিধিমালা বলবৎ হওয়ার সঙ্গে সঙ্গে, ১৫ মাঘ, ১৪১০ বাংলা মোতাবেক ২৮ জানুয়ারী, ২০০৪ খ্রিষ্টাব্দ তারিখের এস, আর, ও নং ১৯-আইন/২০০৪ দ্বারা জারীকৃত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন বিধিমালা, ২০০৪ রহিত হইবে।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার অধীনকৃত সকল কাজকর্ম বা গৃহীত সকল ব্যবস্থা এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ আলাউদ্দিন সরদার  
সচিব।

## বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭

সংস্থাপন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখঃ ৬ মাঘ ১৪১৩ বঙ্গাব্দ/১৬ জানুয়ারি, ২০০৭ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৯-আইন/২০০৭ - যেহেতু বিচার বিভাগীয় পদের দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণের বিষয় পৃথক বিধিমালা প্রণয়নের জন্য সংবিধানের ১১৫ অনুচ্ছেদে রাষ্ট্রপতিকে ক্ষমতা প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের ৭৯/১৯৯৯ নম্বর সিভিল আপীলে প্রদত্ত রায়ে সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে একটি জুডিসিয়াল সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ ও আনুষঙ্গিক বিষয়াদি এবং সার্ভিসে নিযুক্ত ব্যক্তিদের সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ সম্পর্কে বিধান প্রণয়নের নির্দেশনা রহিয়াছে;

সেহেতু সুপ্রীম কোর্টের উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য জুডিসিয়াল সার্ভিস গঠনের উদ্দেশ্যে সংবিধানের ১১৫ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :



১. **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) সুপ্রীম কোর্ট যে তারিখ হইতে কার্যকর করার পরামর্শ দিবে, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা সেই তারিখ হইতে এই বিধিমালা কার্যকর হইবে।

২. **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় -
- (ক) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ রাষ্ট্রপতি বা রাষ্ট্রপতি কর্তৃক সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদ অনুসারে প্রণীত Rules of Business এর আওতায় সার্ভিসের প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা বিভাগ;
  - (খ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ রাষ্ট্রপতি;
  - (গ) “কমিশন” অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন;
  - (ঘ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;
  - (ঙ) “পদ” অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;
  - (চ) “শিক্ষানবিস” অর্থ বিধি ৬ এর অধীন শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি;
  - (ছ) “প্রবেশ পদ” অর্থ সার্ভিস এর সহকারী জজের পদ;
  - (জ) “সার্ভিস” অর্থ বিধি ৩ দ্বারা গঠিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস;
  - (ঝ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন বিদেশী বিশ্ববিদ্যালয় বা সমমানের বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান।

৩. **সার্ভিস গঠন।-** (১) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস নামে একটি সার্ভিস থাকিবে এবং তফসিলে বর্ণিত পদসমূহ উক্ত সার্ভিসের পদ হইবে।

- (২) জুডিসিয়াল সার্ভিস নিম্নরূপ ব্যক্তিগণ সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ
- (ক) এই বিধিমালা কার্যকর হইবার অব্যবহিত পূর্বে তফসিলের ১ম অংশে উল্লিখিত কোন পদের বিপরীতে নিযুক্ত বা অন্যত্র প্রেষণে কর্মরত ব্যক্তিগণ; এবং
  - (খ) এই বিধিমালার অধীন সার্ভিস পদে নিযুক্ত ব্যক্তিগণ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা তফসিলের উভয় অংশে উল্লেখিত পদসমূহের প্রাথমিক অনুমোদিত সংখ্যা নির্ধারণ করবে এবং সময় সময় সার্ভিসের পদ সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করিয়া নির্ধারণ ও পুনঃনির্ধারণ করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, সুপ্রীম কোর্টের সম্মতি গ্রহণ না করিয়া সার্ভিসের পদ সংখ্যা হ্রাস করা যাইবে না।

**ব্যাখ্যাঃ** সার্ভিসের প্রবেশ পদের মোট সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে তফসিলের ১ম ও ২য় অংশের সর্বনিম্ন পদ দুটির পদসংখ্যা একযোগে গণনা করতে হবে।

(৪) উপ-বিধি(৩) এর অধীনে পদসংখ্যা নির্ধারণের ক্ষেত্রে, সার্ভিসের মোট পদের অনূন ১০% অতিরিক্ত পদ ছুটি, প্রেষণ ও প্রশিক্ষণ বাবদ সংরক্ষিত থাকিবে।

৪. সার্ভিসের প্রবেশ পদে নিয়োগ।- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে সার্ভিসের প্রবেশ পদে সরাসরি নিয়োগ করা হইবে।

৫. সার্ভিসের প্রবেশ পদে নিয়োগের যোগ্যতা, বয়ঃসীমা ও অন্যান্য শর্তাবলী।- (১) কোন ব্যক্তিকে সার্ভিসের প্রবেশ পদে নিয়োগ করা যাইবে, যদি-

(ক) তিনি কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অনূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক অথবা দ্বিতীয় শ্রেণীর এলএল, এম ডিগ্রীধারী হন; এবং

(খ) তাহার বয়স অনধিক ৩০ বৎসর হয়।

(২) কমিশনের সুপারিশ ব্যতিরেকে সার্ভিসের প্রবেশ পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) সার্ভিসের প্রবেশ পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি -

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; বা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) সার্ভিসের প্রবেশ পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি-

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই

মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

- (খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে সার্ভিসের প্রবেশ পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি-

- (ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং
- (খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) কমিশন রাষ্ট্রপতির অনুমোদনক্রমে সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, সার্ভিসের প্রবেশ পদে নিয়োগের উদ্দেশ্যে সুপারিশের জন্য প্রয়োজনীয় পরীক্ষার সিলেবাস ও পদ্ধতি নির্ধারণ করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন পরীক্ষার সিলেবাস ও পদ্ধতি নির্ধারিত না হওয়া পর্যন্ত, সার্ভিসের প্রবেশ পদে নিয়োগের উদ্দেশ্যে সুপারিশের জন্য Bangladesh Civil Service (Age, Qualification and Examination for Direct Recruitment) Rules, 1982 এর অধীন সহকারী জজ পদে সরাসরি নিয়োগের জন্য যেইরূপ সিলেবাস ও পদ্ধতি অনুসৃত হইত সেইরূপ পরীক্ষার সিলেবাস ও পদ্ধতি সংক্রান্ত বিধানাবলী অনুসরণক্রমে কমিশন কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যাইবে।

(৮) সার্ভিসের প্রবেশ পদে প্রার্থী মনোনয়ন ও নিয়োগদানের ক্ষেত্রে মহিলাদের জন্য ২০% কোটা সংরক্ষণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, শুধুমাত্র মেধার ভিত্তিতে মহিলাদের মধ্য হইতে অন্যান্য ২০% মনোনয়ন ও নিয়োগদান সম্ভব হইলে সেই ক্ষেত্রে উক্তরূপ কোটা সংরক্ষণের প্রয়োজন হইবে নাঃ

আরো শর্ত থাকে যে, মেধার ভিত্তিতে মহিলাদের মধ্য হইতে অন্যান্য ২০% প্রার্থী মানোনয়ন ও নিয়োগদান সম্ভব না হইলে, লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মধ্য হইতে মেধার ভিত্তিতে ২০% কোটা পূরণের জন্য যেই সংখ্যক প্রার্থী প্রয়োজন হইবে সেই সংখ্যক প্রার্থীর জন্য কোটা সংরক্ষণ করিতে হইবে।

(৯) সার্ভিসে চাকুরীর মহিলাদের সংখ্যা সার্ভিস পদ সংখ্যার ৫০% এ উন্নীত হইলে উপ-বিধি (৮) এ উল্লিখিত কোটা অকার্যকর হইবে।

৬. শিক্ষানবিস।- (১) শূন্য পদের বিপরীতে সার্ভিসের প্রবেশ পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, উপযুক্ত কর্তৃপক্ষ, কোন শিক্ষানবিসের শিক্ষানবিস মেয়াদ এই রূপে বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয় এবং আনুষ্ঠানিকভাবে শিক্ষানবিস মেয়াদ বর্ধিত করা না হইলে উহা সর্বোচ্চ দুই বৎসর পর্যন্ত বর্ধিত করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) শিক্ষানবিস মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, শেষ হইবার পর উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিস মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, শিক্ষানবিসকে চাকুরীতে স্থায়ী করিবেন।

(৩) কোন শিক্ষানবিসের শিক্ষানবিস মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকিলে তাহা চলাকালে বা শেষ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা, ক্ষেত্রমত, ছিল না কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই এবং তিনি উপ-বিধি (৪) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হন নাই বা প্রশিক্ষণ সমাপ্ত করেন নাই, তাহা হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে সার্ভিসের প্রবেশ পদে স্থায়ী করা হইবে না, যদি উক্ত শিক্ষানবিস উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, সময় সময় নির্ধারিত -

ক) কমিশন কর্তৃক গৃহীত বিভাগীয় পরীক্ষায় সফলতার সহিত উত্তীর্ণ না হন;  
এবং

খ) প্রশিক্ষণে অংশগ্রহণ না করেন কিংবা অংশগ্রহণ করিয়া প্রশিক্ষণ সফলতার সহিত সমাপ্ত না করেন।

(৪ক) উপ-বিধি (৪) এর অধীনে অনুষ্ঠিতব্য বিভাগীয় পরীক্ষা ও প্রশিক্ষণ বিষয়ে আদেশ জারী না হওয়া পর্যন্ত Munsif's Training and Probation Rules, 1979 অনুসারে কমিশন প্রয়োজনীয় পরীক্ষা গ্রহণ ও আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ করিতে পারিবে এবং বিভাগীয় পরীক্ষা বা প্রশিক্ষণ সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ করিতে পারিবে; এবং

(৫) কোন শিক্ষানবিসের চাকুরী উপ-বিধি (৩) এর অধীন আনুষ্ঠানিকভাবে অবসান না ঘটাইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, বর্ধিত শিক্ষানবিস মেয়াদান্তে তাহার চাকুরী স্থায়ী করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৬) কোন শিক্ষানবিসের চাকুরী এই বিধির অধীন স্থায়ী করা হইলে শিক্ষানবিস মেয়াদ পদোন্নতি, পেনশন, ছুটি এবং আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের উদ্দেশ্যে সার্ভিসে তাহার চাকুরীকাল বলিয়া গণ্য হইবে।

৭. সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ - (১) সার্ভিস পদে কোন ব্যক্তিকে তাহার নিয়োগকারী কর্তৃপক্ষ অপেক্ষা অধঃস্তন কোন কর্তৃপক্ষের দ্বারা সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ বা অপসারণ করা যাইবে না।

(২) সার্ভিস পদে নিযুক্ত কোন ব্যক্তিকে তাহার সম্পর্কে প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণের বিরুদ্ধে কারণ দর্শানোর যুক্তিসঙ্গত সুযোগ দান না করিয়া এবং সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ না করিয়া সার্ভিস পদ হইতে সাময়িক বরখাস্ত, বরখাস্ত বা অপসারণ করা যাইবে না।

(৩) সার্ভিসের কোন সদস্যকে এই বিধির অধীন সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ বা অপসারণের ক্ষেত্রে Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর বিধানাবলী, প্রয়োজনীয় অভিযোজন সহকারে (Mutatis Mutandis) প্রযোজ্য হইবে তবে তদ্বিষয়ে সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণের প্রয়োজন হইবে না।

৮. বিশেষ বিধান।- (১) এই বিধিমাল্যে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমাল্য কার্যকর হইবার তারিখ হইতে পরবর্তী তিন বৎসর সময়কালের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ, উপ-বিধি (১৮) দ্বারা গঠিত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে এবং উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে বি, সি, এস (প্রশাসন) ক্যাডারের ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালনে

অভিজ্ঞতাসম্পন্ন কোন কর্মকর্তাকে তফসিলের দ্বিতীয় অংশের কোন পদে কিংবা সার্ভিসে সহকারী জজ পদে আত্মীকরণ করিতে পারিবেন।

(২) এই বিধিমালা কার্যকর হইবার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে এই বিধিমালার অধীন সার্ভিস পদে আত্মীকৃত হইতে ইচ্ছুক কর্মকর্তাদের নিকট হইতে দরখাস্ত আহবান করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন সার্ভিসের কোন পদে আত্মীকৃত হইতে ইচ্ছুক কর্মকর্তা, উপ-বিধি (১৯) এর অধীন সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতার অধিকারী হওয়া সাপেক্ষে, আত্মীকৃত হইবার ইচ্ছা ব্যক্ত করিয়া তাহার বর্তমান নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের মাধ্যমে উপ-বিধি (২) এর অধীন বিজ্ঞপ্তি প্রকাশের ২(দুই) বৎসরের মধ্যে সার্ভিস পদের উপযুক্ত কর্তৃপক্ষ বরাবরে লিখিত আবেদন করিতে পারিবে।

(৪) উপযুক্ত কর্তৃপক্ষ উপ-বিধি (৩) এ নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনগুলি পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে উপ-বিধি (১৮) এ উল্লেখিত বাছাই কমিটির নিকট প্রেরণ করিয়া যাচাই-বাছাইপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য অনুরোধ করিবেন।

(৫) বাছাই কমিটি উপ-বিধি (৪) এর অধীন আবেদনপত্রগুলি যাচাই-বাছাই করিয়া ৯০ (নব্বই) দিনের মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক সার্ভিস রেকর্ডধারী উপযুক্ত প্রার্থীদের নাম আত্মীকরণের জন্য সুপারিশ প্রেরণ করিবেন।

(৬) উপযুক্ত কর্তৃপক্ষ উপ-বিধি (৫) এর অধীন সুপারিশ প্রাপ্তির পরবর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সুপ্রীমকোর্টের সাথে পরামর্শক্রমে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণক্রমে আত্মীকরণ এবং পদায়ন জারী করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন জারীকৃত আদেশে উল্লেখিত পদে যোগদানের জন্য নির্ধারিত সময়ের মধ্যে, যাহা ৩০ (ত্রিশ) দিনের অধিক হইবে না, আত্মীকৃত পদে যোগদান করিতে ব্যর্থ হইলে তাহার আত্মীকরণ আদেশ বাতিল করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৮) উপ-বিধি (১) এর অধীন আত্মীকৃত কর্মকর্তাকে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীমকোর্টের সাহিত পরামর্শক্রমে, আত্মীকৃত পদে পদায়ন করিতে পারিবে।

(৯) উপ-বিধি (১) এর অধীন তফসিলের দ্বিতীয় অংশের বিভিন্ন পদে আত্মীকৃত কর্মকর্তাদের পারস্পরিক জ্যেষ্ঠতা আত্মীকৃত হইবার অব্যাবহিত পূর্বে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে তাহাদের জ্যেষ্ঠতার ক্রমানুসারে নিরূপিত হইবে।

(১০) উপ-বিধি (১) এর অধীন সার্ভিসের সহকারী জজ পদে আত্মীকৃত কর্মকর্তাদের জ্যেষ্ঠতা নিরূপণের ক্ষেত্রে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে তাহার পূর্ব চাকুরীকাল গণনা করিতে হইবে এবং নিম্নবর্ণিত পদ্ধতিতে জ্যেষ্ঠতা নিরূপিত হইবে, যথা :

- ক) এই বিধিমালা প্রবর্তনের পূর্বে বাংলাদেশ সরকারী কর্মকমিশন কর্তৃক প্রস্তুতকৃত, মেধা তালিকা অনুসারে সহকারী জজ হিসাবে যোগদানকারী কর্মকর্তাগণের সহিত আত্মীকৃত কর্মকর্তা একই ব্যাচের প্রার্থী হিসাবে একটি সাধারণ মেধা তালিকায় অন্তর্ভুক্ত থাকিলে তদানুসারে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা নিরূপিত হইবে;
- খ) একই ব্যাচের একাধিক কর্মকর্তা সহকারী জজ হিসাবে আত্মীকৃত হইলে, তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা উক্ত ব্যাচের মেধা তালিকার ভিত্তিতে নিরূপিত হইবে;
- গ) কোন ব্যাচের ক্ষেত্রে এইরূপ সাধারণ মেধা তালিকা না থাকিলে বয়োজ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী জজ এর সহিত আত্মীকৃত কর্মকর্তার জ্যেষ্ঠতা নিরূপিত হইবে।
- ঘ) দফা (ক), (খ) ও (গ) এর বিধান সাপেক্ষে, সহকারী জজগণ এবং আত্মীকৃত কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা নিরূপনের ক্ষেত্রে General Principles of Seniority প্রযোজ্য হইবে।

(১১) উপ-বিধি (১) এর অধীন আত্মীকৃত কোন কর্মকর্তা আত্মীকৃত পদে যোগদান করিবার পরবর্তী তিন বৎসর সময়কালের মধ্যে তাহার মূল ক্যাডার বা পদে ফেরত যাইবার জন্য লিখিতভাবে উপযুক্ত কর্তৃপক্ষ বরাবরে ইচ্ছা ব্যক্ত করিতে পারিবেন।

(১২) উপ-বিধি (১১) এর অধীন কোন কর্মকর্তা তাহার মূল সার্ভিস বা পদে ফেরত যাইবার ইচ্ছা লিখিতভাবে জানাইলে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে ও নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণক্রমে তাহার ফেরত যাইবার ব্যবস্থা করিবে এবং এইরূপ ক্ষেত্রে সার্ভিস পদে তাহার দায়িত্ব পালনের সময়কাল প্রেষণে চাকুরীকাল হিসাবে গণ্য হইবে এবং তদপ্রেক্ষিতে তাহার মূল সার্ভিসে বা পদে তাহার জ্যেষ্ঠতা এবং অন্যান্য সুবিধা ক্ষুণ্ণ হইবে না।

(১৩) উপ-বিধি (১) এর অধীনে আত্মীকরণের জন্য নির্ধারিত তিন বৎসর সময়কালের জন্য প্রয়োজনবোধে তফসিলের দ্বিতীয় অংশের যেকোন শূন্য পদে উপ-বিধি (১৯) এর অধীন সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতার অধিকারী বি.সি.এস (প্রশাসন) ক্যাডারের ম্যাজিস্ট্রেটের দায়িত্বে অভিজ্ঞতা সম্পন্ন কোন কর্মকর্তাকে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের পরামর্শক্রমে প্রেষণে নিয়োগদান করিতে পারিবেন।

(১৪) উপ-বিধি (১) এর অধীনে আত্মীকরণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর যদি তফসিলের দ্বিতীয় অংশে শূন্য পদ থাকে সে ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শূন্য পদসমূহ বি.সি.এস (প্রশাসন) ক্যাডারের উপযুক্ত কর্মকর্তা দ্বারা প্রেষণে নিয়োগের মাধ্যমে পূরণ করিতে পারিবেন।

(১৫) সার্ভিসের প্রবেশ পদে নিয়োগ এবং বিধি অনুযায়ী গৃহীত পদোন্নতি কার্যক্রমের মাধ্যমে সার্ভিসের সদস্য দ্বারা তফসিলের দ্বিতীয় অংশের সকল পদ ২০১১ সনের ৩১শে ডিসেম্বরের মধ্যে পর্যায়ক্রমে পূরণ করিতে হইবে এবং একই সংগে প্রেষণে নিয়োজিত বি.সি.এস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণকে উক্ত ক্যাডারে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(১৬) উপ-বিধি (১) এর অধীন আত্মীকৃত কিংবা উপ-বিধি (১৩) ও (১৪) এর অধীনে প্রেষণে নিয়োজিত কোন কর্মকর্তা তাহার মূল ক্যাডারে প্রত্যাবর্তন করিলে সার্ভিসে দায়িত্ব পালনের কারণে উক্ত ক্যাডারে তাহার জ্যেষ্ঠতা বা অন্যান্য সুবিধা ক্ষণ হইবে না।

(১৭) এই বিধি অনুযায়ী প্রেষণে নিয়োজিত থাকাকালীন সময়ের জন্য সরকার নির্বাহী আদেশ দ্বারা উক্তরূপ নিয়োজিত কর্মকর্তাগণকে বিশেষ কোন আর্থিক সুবিধা প্রদান করিতে পারিবে।

(১৮) উপ-বিধি (১) অনুযায়ী আত্মীকরণের বিষয়ে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথা :

- ক) প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একজন বিচারপতি, যিনি ইহার সভাপতি হইবেন;
- খ) সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, পদাধিকারবলে;
- গ) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পদাধিকারবলে;
- ঘ) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, পদাধিকারবলে;



- ঙ) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, পদাধিকারবলে; এবং  
 চ) রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, পদাধিকারবলে।

(১৮ক) উক্ত বাছাই কমিটি উহার কর্ম পদ্ধতি নির্ধারণ করিবে এবং উহার সভায় চারজন সদস্য উপস্থিত থাকিলে কোরাম গঠিত হইবে।

(১৯) এই বিধির অধীন সার্ভিসের দ্বিতীয় অংশের বিভিন্ন পদে আত্মীকরণের জন্য উপযুক্ত ব্যক্তির ন্যূনতম যোগ্যতা হইবে নিম্নরূপ, যথা :

ক্রমিক নং	সার্ভিস পদের নাম	সার্ভিস পদে আত্মীকৃত হইবার ন্যূনতম যোগ্যতা
(ক)	চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট।	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/এডিশনাল চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হিসাবে ন্যূনতম ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণীর পদে অনূন ১৫(পনের) বৎসরের সন্তোষজনক চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।
(খ)	এডিশনাল চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/এডিশনাল চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট।	প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট হিসাবে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণীর পদে অনূন ১২(বার) বৎসরের সন্তোষজনক চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।
(গ)	সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/ স্পেশাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট।	প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট হিসাবে ন্যূনতম ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণীর পদে অনূন ৮(আট) বৎসরের সন্তোষজনক চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।
(ঘ)	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (২য়/৩য় শ্রেণীর ম্যাজিস্ট্রেট)।	ম্যাজিস্ট্রেট হিসাবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকিতে হইবে।

(২০) এই বিধির অধীন সার্ভিসের সহকারী জজ পদে আত্মীকরণের জন্য ম্যাজিস্ট্রেট হিসাবে দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকিতে হইবে।

(৮ক) সুপ্রীমকোর্টের সহিত পরামর্শের কার্যকারিতা।- এই বিধিমালা অনুসারে সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণের ক্ষেত্রে, উপযুক্ত কর্তৃপক্ষ কার্যকরভাবে পরামর্শ গ্রহণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে এবং কোন ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের প্রস্তাব ও সুপ্রীম কোর্টের পরামর্শে ভিন্নতা থাকিলে, উক্ত কোর্টের পরামর্শ প্রাধান্য পাইবে।

৯. রহিতকরণ ও হেফাজত।- (১) এতদ্বারা বাংলাদেশ জুডিসিয়ার সার্ভিস (গঠন, প্রবেশ পদে নিয়োগ, এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৬ রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত বিধিমালার অধীনকৃত সকল কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে তফসিলের ১ম অংশে উল্লেখিত কোন পদে প্রদত্ত নিয়োগ এই বিধিমালার অধীন প্রদত্ত নিয়োগ বলিয়া গণ্য হইবে।

#### তফসিল

#### [বিধি - ২ (জ) দ্রষ্টব্য]

#### বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের পদসমূহ

#### প্রথম অংশ

- ক) জেলা বিচারক/জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য বিচারিক পদ;
- খ) অতিরিক্ত জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য বিচারিক পদ;
- গ) যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের অন্যান্য বিচারিক পদ;
- ঘ) সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের অন্যান্য বিচারিক পদ;
- ঙ) সহকারী জজ।

#### দ্বিতীয় অংশ

- ক) চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট;
- খ) অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট;
- গ) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/ স্পেশাল ম্যাজিস্ট্রেট);
- ঘ) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (২য়/৩য় শ্রেণীর ম্যাজিস্ট্রেট)।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
আবু মোঃ মনিরুজ্জামান খান  
সচিব।

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী,  
নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭

সংস্থাপন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩ মাঘ ১৪১৩ বঙ্গাব্দ/১৬ জানুয়ারি ২০০৭ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১০-আইন/২০০৭। যেহেতু, বিচার বিভাগীয় পদে দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণের বিষয়ে পৃথক বিধিমালা প্রণয়নের জন্য সংবিধানের ১১৫ অনুচ্ছেদে বিধান রহিয়াছে; এবং

যেহেতু উক্ত বিষয়ে বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগের ৭৯/১৯৯৯ নম্বর সিভিল আপীলে প্রদত্ত রায়ে একটি সার্ভিস গঠনের নির্দেশনা রহিয়াছে; এবং

যেহেতু উক্ত সার্ভিসে নিযুক্তি ব্যক্তিদের কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী সম্পর্কে পৃথক বিধান প্রণয়নের নির্দেশনা রহিয়াছে;

সেহেতু বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :

১. **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) সুপ্রীম কোর্ট যে তারিখে কার্যকর করার পরামর্শ দিবে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সেই তারিখে এই বিধিমালা কার্যকর হইবে।

২. সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-
- ক) “উপযুক্ত কর্তৃপক্ষ” অর্থ রাষ্ট্রপতি বা রাষ্ট্রপতি কর্তৃক সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদ অনুসারে প্রণীত Rules of Business এর আওতায় সার্ভিস প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা বিভাগ;
- খ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ রাষ্ট্রপতি;
- গ) “সার্ভিসের সদস্য” অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কোন সদস্য;
- ঘ) “সার্ভিস পদ” অর্থ তফসিলের প্রথম ও দ্বিতীয় অংশের কলাম (২) এ উল্লিখিত কোন পদ;
- ঙ) “সার্ভিস” অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস;
- চ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল।

৩. কর্মস্থল নির্ধারণ।- (১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৬ অনুচ্ছেদ অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, সার্ভিসের সদস্যদের কর্মস্থল নির্ধারণ করিবেন।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে কোন নির্দিষ্ট কর্মস্থলে সার্ভিস সদস্যদের অবস্থানের মেয়াদ নির্ধারণ করিতে পারিবেন।

“৩ক”। সহকারী জজগণকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্ষণ।-

(১) এই বিধিমালার তফসিলের দ্বিতীয় অংশে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পদে পদায়নের জন্য যোগ্যতার বিষয়ে আবশ্যিক শর্ত যাহাই থাকুক না কেন, জনস্বার্থে আবশ্যিক হইলে, সুপ্রীম কোর্টের পরামর্শ বিবেচনাক্রমে, সরকার সহকারী জজগণের মধ্য হইতে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পদে পদায়ন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সহকারী জজকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট পদে পদায়ন করা হইলে, তিনি সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের সকল দায়িত্ব পালন ও ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেনঃ

<sup>1</sup> Section 3A was inserted by SRO No. 100-Ain/2008.

তবে শর্ত থাকে যে, এই উপ-বিধির অধীন পদায়িত সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সিনিয়র সহকারী জজ পদে পদোন্নতিপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন না এবং উক্ত পদের আর্থিক সুবিধাদিও প্রাপ্য হইবেন না।

(৩) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের পদে পদায়নের জন্য সিনিয়র সহকারী জজ এর সংখ্যা অপ্রতুল হইবার ক্ষেত্রেই কেবল এই বিধির বিধান, সাময়িক ব্যবস্থা হিসাবে, প্রয়োগ করা যাইবে”।

**৪. পদোন্নতি।-** (১) নিয়োগকারী কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, সার্ভিসের কোন সদস্যকে সার্ভিসের উচ্চতর পদে পদোন্নতি প্রদান করিবেন।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে হাইকোর্ট রুলস্ মোতাবেক গঠিত General Administrative Committee এর সকল সদস্য বিচারপতিবৃন্দ সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে এবং উক্ত বাছাই কমিটি সার্ভিসের কোন সদস্যকে সার্ভিসের উচ্চতর পদে পদোন্নতির সুপারিশ করিবে।

(৩) উপ-বিধি (২) মোতাবেক বাছাই কমিটির সুপারিশের বিষয়ে হাইকোর্ট রুলস্‌র বিধান অনুসারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(৪) নিয়োগকারী কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা তফসিলের প্রথম অংশে উল্লিখিত কোন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা জনস্বার্থে শিথিলক্রমে পদোন্নতি দান করিতে পারিবেন।

**৫. ছুটি।-** (১) সার্ভিসের সদস্যগণের ছুটি এবং আনুষঙ্গিক বিষয়ে পূর্ণাঙ্গ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারের একজন প্রথম শ্রেণীর কর্মকর্তা প্রচলিত বিধি-বিধান অনুসারে যেইরূপ ছুটি ভোগ করিবার অধিকারী সেইরূপ ছুটি সার্ভিসের সদস্যগণ ভোগ করিবার অধিকারী হইবেনঃ

তবে শর্ত থাকে যে, সুপ্রীম কোর্ট কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবেন।

(২) সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নৈমিত্তিক ছুটি ব্যতীত উপ-বিধি (১) এ উল্লিখিত ছুটি মঞ্জুর করা হইবে।

(৩) দেওয়ানী আদালতের অবকাশকালীন ছুটি সুপ্রীম কোর্ট খেইরুপ মেয়াদ ও শর্তে নির্ধারণ করিবে সার্ভিসের সদস্যগণ উক্ত মেয়াদ ও শর্তে উহা ভোগ করিবার অধিকারী হইবেন।

৬. **শৃঙ্খলা বিধান।-** (১) সার্ভিসের সদস্যদের সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ ব্যতীত শৃঙ্খলা সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলাদা বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ সরকারের একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর বিধানাবলী, প্রয়োজনীয় অভিযোজন সহকারে, (mutatis mutandis) সার্ভিসের সদস্যদের শৃঙ্খলা বিধান করিবেঃ

তবে শর্ত থাকে যে, সরকারী কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে উক্ত Rules অনুসারে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সার্ভিসের কোন সদস্যকে সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ, বা অপসারণের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীন প্রণীত বিধিমালা প্রযোজ্য হইবে।

৭. **সুপ্রীম কোর্ট, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এবং অন্যান্য মন্ত্রণালয়ে প্রেষণে নিয়োগ।-** (১) সুপ্রীম কোর্টের চাহিদা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত কোর্টে প্রয়োজনীয় সংখ্যক সার্ভিস সদস্যকে নিয়োগ/বদলী করিবেন। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে সার্ভিসের সদস্যদের জন্য সংরক্ষিত পদে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে সার্ভিসের সদস্যদেরকে প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োগ করিবেন। এছাড়া অন্য কোন মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয় বা নির্বাচন কমিশন সচিবালয়ে বা অন্য কোন কর্তৃপক্ষের অফিস প্রয়োজনবোধে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে সার্ভিসের সদস্যদেরকে প্রেষণে বা অন্যবিধভাবে নিয়োগ করিতে পারিবেন।

(২) প্রেষণে নিয়োজিত থাকাকালে সার্ভিসের সদস্যগণকে তাহাদের জন্য প্রাপ্য সাধারণ বেতন-ভাতা অপেক্ষা কম বেতন-ভাতা প্রদান করা যাইবে না।

(৩) প্রেষণে নিযুক্ত থাকাকালে উক্ত সদস্যগণের বিরুদ্ধে কোন শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত পরিস্থিতি বর্ণনা করিয়া উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবে এবং উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) সুপ্রীম কোর্টের অনুমোদন বা সম্মতি গ্রহণক্রমে কোন কর্মকর্তা প্রেষণে নিযুক্ত থাকিলে পারস্পরিক জ্যেষ্ঠতা বা পদোন্নতির সুযোগ ক্ষুণ্ণ হইবে না।

**৮. সার্ভিসের সদস্যগণের নিয়ন্ত্রণ।-** (১) সংবিধানের ১০৯, ১১৬, ১১৬ক অনুচ্ছেদ এবং এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে -

- ক) জেলা ও দায়রা জজ তাহার অধীনে কর্মরত সকল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটসহ সার্ভিসের অন্য সকল কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয়ভাবে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন;
- খ) মেট্রোপলিটন এলাকায় মেট্রোপলিটন সেশনস্ জজ তাহার অধীনে কর্মরত সকল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটসহ সার্ভিসের অন্য সকল কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয়ভাবে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন;
- গ) জেলা ও দায়রা জজের সমপর্যায়ের বিচারক তাহার অধীনে কর্মরত সার্ভিসের অন্যান্য কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন;
- ঘ) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন এলাকায় চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, তাহার অধীনস্থ ম্যাজিস্ট্রেটগণের প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হইবেন।

(৩) উপ-বিধি (১) এ বর্ণিত প্রশাসনিক বিষয়ে নিয়ন্ত্রণ সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, সাধারণ বিশেষ নির্দেশনা জারী করিলে তাহা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা অনুসরণ করিবেন।

**ব্যাখ্যা :** এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিখনের বিষয়টি স্থানীয় প্রশাসনিক বিষয় বলিয়া গণ্য হইবে না এবং এতদসংক্রান্ত বিষয় নির্ধারণের একক এখতিয়ার থাকিবে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের।

**৯. কর্মের অন্যান্য শর্তাবলী।-** (১) সার্ভিসের সদস্যদের কর্মের শর্তাবলী নির্ধারণ করিয়া আলাদা বিধান প্রণীত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ, পেনশন, ভবিষ্যৎ তহবিল এবং চাকুরীর অন্যান্য শর্তাবলীর ক্ষেত্রে সরকারের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা গণ্য হইবেন এবং উক্ত কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান ও সুবিধাদি সদস্যদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সার্ভিসের সদস্যদের কর্মের শর্তাবলী নির্ধারণের ক্ষেত্রে বিদ্যমান সুযোগ-সুবিধাদির হানি ঘটাইয়া বা রদ করিয়া কোন বিধান প্রণয়ন করা যাইবে না।

১০. তফসিলের দ্বিতীয় অংশের পদে অন্তর্বর্তীকালীন নিয়োগ সম্পর্কিত বিশেষ বিধান।

- (১) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা ২০০৭ এর অধীনে প্রেষণে নিয়োজিত বি, সি, এস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাগণের ব্যাপারে তফসিলের দ্বিতীয় অংশে উল্লিখিত পদের বিপরীতে কর্মস্থল নির্ধারণ, তাহাদের ছুটি মঞ্জুরী এবং তাহাদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ করিবে।

১১. সুপ্রীম কোর্টের সহিত পরামর্শের কার্যকারিতা।- (১) উপযুক্ত কর্তৃপক্ষ এই বিধিমালা অনুযায়ী সার্ভিসের সদস্যগণের সম্পর্কে গৃহীত কার্যক্রমের বিষয়ে সুপ্রীম কোর্টের সহিত কার্যকর পরামর্শ করিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের প্রস্তাব ও সুপ্রীম কোর্টের পরামর্শ অভিন্ন না হইলে, সেইক্ষেত্রে সুপ্রীম কোর্টের পরামর্শ প্রাধান্য পাইবে।

১২. রহিতকরণ ও হেফাজত।- (১) এতদ্বারা বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রন, শৃঙ্খলা বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৬ রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত বিধিমালার অধীনকৃত সকল কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর বিধানাবলী অনুসরণক্রমে ইতিপূর্বে সিনিয়র মুন্সেফ বা সিনিয়র সহকারী জজ বা বিচার কর্ম বিভাগের তদুর্ধ্ব পদে যে সকল নিয়োগ বা পদোন্নতি দেওয়া হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে প্রদত্ত বলিয়া গণ্য হইবে।



## তফসিল

## প্রথম অংশ

[বিধি ২(ঘ) এবং ৪(৪) দ্রঃ]

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের প্রথম অংশের বিভিন্ন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের পদ্ধতি ও প্রয়োজনীয় যোগ্যতা -

ক্রমিক নং	পদের নাম	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪
১	জেলা বিচারক/জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের অন্যান্য বিচারক	অতিরিক্ত জেলা ও দায়রা জজদের/ সমপর্যায়ের বিচারকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।	অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচারক পদে দুই বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১৫ (পনের) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
২	অতিরিক্ত জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের বিচারক	যুগ্ম জেলা ও দায়রা জজদের/ সমপর্যায়ের বিচারকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।	যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের বিচারক পদে দুই বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১০(দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
৩	যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের বিচারক	সিনিয়র সহকারী জজদের/ সমপর্যায়ের বিচারকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।	সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের বিচারপতি পদে দুই বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
৪	সিনিয়র সহকারী জজ/ সমপর্যায়ের বিচারক	সহকারী জজদের/সমপর্যায়ের বিচারকদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।	সহকারী জজ/সমপর্যায়ের বিচারক পদে মোট ৪(চার) বৎসরে অভিজ্ঞতা।
৫	সহকারী জজ	সংবিধানের অনুচ্ছেদ ১১৫ এর অধীন প্রণীত বিধিমালা অনুসারে সরাসরি নিয়োগ অথবা আত্মীকরণের মাধ্যমে।	সংবিধানের অনুচ্ছেদ ১১৫-এর অধীন প্রণীত বিধিমালায় বিধৃত।

## দ্বিতীয় অংশ

[বিধি ২(ঘ) এবং ৩ দ্রঃ]

দ্বিতীয় অংশের বিভিন্ন পদে Posting বা পদায়ন পদ্ধতি

ক্রমিক নং	পদের নাম	নিয়োগ পদ্ধতি
১	২	৩
(১)	চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট।	অতিরিক্ত জেলা ও দায়রা জজগণের মধ্য হইতে বদলী অথবা সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা অনুসারে আত্মীকরণ ও প্রেষণে নিয়োগের মাধ্যমে।
(২)	অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট।	যুগ্ম জেলা ও দায়রা জজগণের মধ্য হইতে বদলী অথবা সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা অনুসারে আত্মীকরণ ও প্রেষণে নিয়োগের মাধ্যমে।
(৩)	সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/স্পেশাল ম্যাজিস্ট্রেট)।	সিনিয়র সহকারী জজগণের মধ্য হইতে বদলী অথবা সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা অনুসারে আত্মীকরণ ও প্রেষণে নিয়োগের মাধ্যমে।
(৪)	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (২য়/৩য় শ্রেণী)	সহকারী জজগণের মধ্য হইতে বদলী অথবা সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা অনুসারে আত্মীকরণ ও প্রেষণে নিয়োগের মাধ্যমে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মনিরুজ্জামান খান

সচিব।

## APPENDIX-3

## আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০

(২০০০ সনের ৬নং আইন)

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৬ জানুয়ারি, ২০০০/১৩ই মাঘ, ১৪০৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৬শে জানুয়ারি, ২০০০ (১৩ই মাঘ, ১৪০৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ-

আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থী জনগণকে আইনগত সহায়তা প্রদানকল্পে প্রণীত আইন।

যেহেতু আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থী জনগণকে আইনগত সহায়তা প্রদান সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

## ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।-

(১) এই আইন আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

## ২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক)<sup>১</sup> “আইনগত সহায়তা” অর্থ আর্থিকভাবে অসচ্ছল, সহায় সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীকে -

(অ) কোন আদালতে দায়েরযোগ্য, দায়েরকৃত বা বিচারাধীন মামলায় আইনগত পরামর্শ ও সহায়তা প্রদান;

<sup>১</sup> ২০০৬ সালের ২৬নং আইন দ্বারা প্রতিস্থাপিত।

- (আ) Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908) এর section 89A এবং 89B এর বিধান অনুসারে মধ্যস্থতা বা সালিশের মাধ্যমে কোন মামলা নিষ্পত্তির উদ্দেশ্যে নিযুক্ত মধ্যস্থতাকারী বা সালিশকারীকে সম্মানী প্রদান;
- (ই) মামলার প্রাসঙ্গিক খরচ প্রদানসহ অন্য যে কোন সহায়তা প্রদান; এবং
- (ঈ) উপ-ধারা (অ) হইতে (ই) এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রবিধান দ্বারা নির্ধারিত হারে আইনজীবিকে সম্মানী প্রদান।
- (খ) “আদালত” অর্থ সুপ্রীম কোর্টসহ যে কোন আদালত;
- (গ) “আবেদন” বা “দরখাস্ত” অর্থ আইনগত সহায়তা প্রাপ্তির আবেদন বা দরখাস্ত;
- (ঘ) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;
- (ঙ) “জেলা কমিটি” অর্থ এই আইনের অধীন গঠিত সংস্থার জেলা কমিটি;
- (চ) “পরিচালক” অর্থ সংস্থার পরিচালক;
- (ছ) “বিচারপ্রার্থী” অর্থ কোন আদালতে দায়েরযোগ্য বা দায়েরকৃত [দেওয়ানী, পারিবারিক বা ফৌজদারী মামলার]<sup>২</sup> সম্ভাব্য বা প্রকৃত বাদী, বিবাদী, ফরিয়াদী বা আসামী;
- (জ) “বোর্ড” অর্থ ধারা ৭ এর অধীন গঠিত জাতীয় পরিচালনা বোর্ড;
- (ঝ) “সদস্য” অর্থ জাতীয় পরিচালনা বোর্ড বা, ক্ষেত্রমত, জেলা কমিটির কোন সদস্য;
- (ঞ) “সংস্থা” অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।

### ৩। জাতীয় আইনগত সহায়তা প্রতিষ্ঠা।-

- (১) এই আইন বলবৎ হইবার পর সরকার, যথাশীঘ্র সম্ভব, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করিবে।
- (২) সংস্থা একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং উহার নামে

<sup>২</sup> ২০০৬ সনের ২৬নং আইন দ্বারা সংশোধিত

উহা মামলা দায়ের করিতে পারিবে বা উহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

৪। সংস্থার প্রধান কার্যালয়।- সংস্থার প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৫। সংস্থার পরিচালনা।-

- (১) সংস্থার পরিচালনা ও প্রশাসন একটি পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং সংস্থা যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে পরিচালনা বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।
- (২) সংস্থা উহার কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রদত্ত নীতি অনুসরণ করিবে।

৬। জাতীয় পরিচালনা বোর্ড।-

- (১) জাতীয় পরিচালনা বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ-
  - (ক) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;
  - (খ) জাতীয় সংসদের স্পীকার কর্তৃক মনোনীত দুইজন সংসদ-সদস্য, যাহাদের মধ্যে একজন সরকার দলীয় এবং অন্যজন বিরোধী দলীয় হইবেন;
  - (গ) বাংলাদেশের অ্যাটর্নী জেনারেল;
  - (ঘ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব;
  - (ঙ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব;
  - (চ) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব;
  - (জ) মহা-কারা পরিদর্শক;
  - (ঝ) বাংলাদেশ বার কাউন্সিলের ভাইস-চেয়ারম্যান;
  - (ঞ) বাংলাদেশ সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতির সভাপতি;
  - (ট) জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান;
  - (ঠ) সরকার কর্তৃক মনোনীত, প্রত্যেকটি জেলায় কার্যক্রম রাখিয়াছে এইরূপ প্রতিষ্ঠিত, আইন ও মানবাধিকার সম্পর্কিত বেসরকারী সংস্থার তিন জন প্রতিনিধি;

- (ড) সরকার কর্তৃক মনোনীত, প্রত্যেকটি জেলায় কার্যক্রম রহিয়াছে এইরূপ প্রতিষ্ঠিত, নারী সংস্থার তিনজন প্রতিনিধি;
- (ঢ) পরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা [১(ঠ) ও (ড)]<sup>৩</sup> এর অধীনে মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বৎসরের মেয়াদে স্থায়ী পদে বহাল থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবেঃ

আরো শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্থায়ী পদ ত্যাগ করিতে পারিবেন।

৭। **সংস্থার দায়িত্ব ও কার্যাবলী**।-সংস্থার দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ-

- (ক) আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীগণের আইনগত সহায়তা পাওয়ার যোগ্যতা নিরূপণ ও উহা প্রদান সম্পর্কিত বিষয়ে নীতিমালা প্রণয়ন করা;
- (খ) আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে স্কীম প্রণয়ন করা;
- (গ) আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে শিক্ষা ও গবেষণামূলক কার্যক্রম গ্রহণ ও পরিচালনা করা;
- (ঘ) আইনগত সহায়তা সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে রেডিও, টেলিভিশন, সংবাদপত্র ও অন্যান্য মিডিয়ার মাধ্যমে ব্যাপক প্রচার করা;
- (ঙ) জেলা কমিটি কর্তৃক প্রত্যাখ্যাত আবেদন বা দরখাস্ত বিবেচনা করা;
- (চ) জেলা কমিটির কার্যাবলী তদারকী ও নিয়ন্ত্রণ এবং উহাদের কার্যাবলী সরেজমিনে পরিদর্শন করা;
- (ছ) আইন, বিধি ও অন্যান্য তথ্য সম্বলিত ক্ষুদ্র পুস্তিকা (Pamphlet), ইত্যাদি প্রকাশসহ সেমিনার ও কর্মশালার মাধ্যমে আইনগত অধিকার ও দায়িত্ব সম্পর্কে জনগণকে সচেতন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- (জ) উপরি-উক্ত দায়িত্ব ও কর্তব্যসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন কাজ করা।

৮। **বোর্ডের সভা**।- (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

<sup>৩</sup> ২০০৬ সনের ২৬নং আইন দ্বারা প্রতিস্থাপিত

- (২) বোর্ডের সভা উহার চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবেঃ তবে শর্ত থাকে যে, প্রতি তিন মাসে বোর্ডের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।
- (৩) চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক নির্দেশিত কোন সদস্য বা এইরূপ কোন নির্দেশ না থাকিলে সভায় উপস্থিত সদস্যগণের দ্বারা নির্বাচিত অন্য কোন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।
- (৪) বোর্ডের সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অনূন্য এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।
- (৫) বোর্ডের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।
- (৬) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

### ৯। জেলা কমিটি।-

- (১) প্রত্যেক জেলায় সংস্থার একটি জেলা কমিটি থাকিবে এবং উহা উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ-
- (ক) জেলা ও দায়রা জজ, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;
- (খ) জেলা ম্যাজিস্ট্রেট বা তৎকর্তৃক মনোনীত অনূন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট পদমর্যাদার একজন কর্মকর্তা]<sup>৪</sup>;
- (গ) জেলা পুলিশ সুপারিনটেন্ডেন্ট বা তৎকর্তৃক মনোনীত অনূন্য অতিরিক্ত পুলিশ সুপারিনটেন্ডেন্ট পদমর্যাদার একজন কর্মকর্তা]<sup>৫</sup>;
- (ঘ) জেলার জেল সুপারিনটেন্ডেন্ট;
- (ঙ) জেলার সমাজকল্যাণ বিষয়ক কর্মকর্তা, যদি থাকে;

উপ-ধারা (১) (১৮) এবং (১৮৮) ২০০৬ সালের ২৫নং আইন দ্বারা সংশোধিত।

- (চ) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, যদি থাকে;
- (চচ) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, যদি থাকে;
- (চচচ) জেলা তথ্য কর্মকর্তা;
- (ছ) জাতীয় মহিলা সংস্থার জেলা কমিটির চেয়ারম্যান বা তৎকর্তৃক মনোনীত কমিটির একজন প্রতিনিধি;
- (জ) জেলা আইনজীবী সমিতির সভাপতি;
- (ঝ) জেলার সরকারী উকিল;
- (ঞ) জেলার পাবলিক প্রসিকিউটর;
- (ঞঞ) মহানগর দায়রা আদালতের পাবলিক প্রসিকিউটর;
- (ট) জেলার বেসরকারী কারাগার পরিদর্শক, যদি থাকে, তাহাদের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন বেসরকারী কারাগার পরিদর্শক;
- (ঠ) জেলা কমিটির চেয়ারম্যান কর্তৃক মনোনীত জেলার বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা যদি থাকে, এর একজন প্রতিনিধি;
- (ড) জেলা আইনজীবী সমিতির নির্বাচিত সাধারণ সম্পাদক যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।
- (২) যেইসব জেলায় মেট্রোপলিটন শহর রহিয়াছে সেইসব জেলায় জেলা কমিটিতে মহানগর দায়রা জজ, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারও সদস্য থাকিবেন।
- (২ক)<sup>৬</sup> যদি কোন জেলায় নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল থাকে, তাহা হইলে উক্ত ট্রাইব্যুনালের বিচারক ও বিশেষ পাবলিক প্রসিকিউটর জেলা কমিটির সদস্য হইবেন।

তবে শর্ত থাকে যে, কোন জেলায় একাধিক নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল থাকিলে ট্রাইব্যুনাল সমূহে কর্মরত বিচারকগণের মধ্যে যিনি জ্যেষ্ঠ এবং নিয়োগপ্রাপ্ত বিশেষ পাবলিক প্রসিকিউটরগণের মধ্যে যিনি জ্যেষ্ঠ, সদস্য হইবেন।

<sup>৬</sup> ২০০৬ সনের ২৬নং আইন দ্বারা সংশোধিত।



(৩) উপ-ধারা (১) (ছ), (ট) ও (ঠ) এর অধীনে মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বৎসরের মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন।

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই মনোনয়নকারী কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ কোন সদস্যকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে।

আরো শর্ত থাকে যে, উক্তরূপ কোন সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদত্যাগ করিতে পারিবেন।

১০। জেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলী।- জেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ-

- (ক) সংস্থা কর্তৃক নিরূপিত যোগ্যতা ও প্রণীত নীতিমালা অনুসারে আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীগণের আবেদন বা দরখাস্ত বিবেচনাক্রমে যতদূর সম্ভব আইনগত সহায়তা প্রদান করা;
- (খ) মঞ্জুরকৃত আবেদন বা দরখাস্তের ক্ষেত্রে, আবেদনকারী বা দরখাস্তকারীকে প্রদত্ত আইনগত সহায়তার ধরন ও শর্ত নির্ধারণ করা;
- (গ) জেলা পর্যায়ে আইনগত সহায়তা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে পরিকল্পনা ও প্রকল্প গ্রহণ করা;
- (ঘ) আইনগত সহায়তা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে জেলা পর্যায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- (ঘ)<sup>১</sup> উপজেলা এবং ইউনিয়ন কমিটি কর্তৃক প্রেরিত দরখাস্ত বা সুপারিশ বিবেচনাক্রমে আইনগত সহায়তা প্রদান করা;
- (ঙ) বোর্ড কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা;
- (চ) উপরি-উক্ত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন কাজ করা।

১১। জেলা কমিটির সভা।-

- (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, জেলা কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

<sup>১</sup> ২০০৬ সনের ২৬নং আইন দ্বারা সংশোধিত।

- (২) জেলা কমিটির সভা উহার চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে। তবে শর্ত থাকে যে, প্রতিমাসে জেলা কমিটির কম পক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।
- (৩) জেলা কমিটির চেয়ারম্যান উক্ত কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন।
- (৪) জেলা কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।
- (৫) শুধুমাত্র কোন সদস্য পদের শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকার কারণে কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

#### ১২। উপজেলা কমিটি, ইউনিয়ন কমিটি ইত্যাদি।-

- (১) সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রতিটি উপজেলায় সংস্থার উপজেলা কমিটি এবং প্রতিটি ইউনিয়নের সংস্থার ইউনিয়ন কমিটি গঠন করিতে পারিবে।
- (২) উপ-ধারা (১) এর অধীন প্রত্যেক উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি একজন চেয়ারম্যান ও চৌদ্দজন সদস্য সমন্বয়ে গঠিত হইবে এবং চেয়ারম্যান ও সদস্যদের যোগ্যতা অপসারণ, পদত্যাগ ইত্যাদি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।
- (৩) উপ-ধারা (১) এর অধীনে গঠিত সংস্থার উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির দায়িত্ব, কার্যাবলী এবং সভার কার্য পদ্ধতি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

#### ১৩। বোর্ডের তহবিল।-

- (১) বোর্ডের একটি তহবিল থাকিবে এবং উহাতে নিম্নলিখিত অর্থ জমা হইবে, যথাঃ-
  - (ক) সরকার কর্তৃক প্রদত্ত অনুদান;
  - (খ) স্থানীয় কর্তৃপক্ষ, অন্য কোন প্রতিষ্ঠান, কোম্পানী বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;
  - (গ) কোন বিদেশী সংস্থা কর্তৃক প্রদত্ত অনুদান;
  - (ঘ) বোর্ড-কর্তৃক অন্য যে কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।
- (২) এই তহবিলের অর্থ বোর্ডের নামে তৎকর্তৃক অনুমোদিত কোন তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে।

- (৩) চেয়ারম্যান ও বোর্ডের সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে এই তহবিলের অর্থ উত্তোলন করা যাইবে।
- (৪) এই তহবিল হইতে, প্রয়োজন অনুসারে, জেলা কমিটিকে অর্থ বরাদ্দ করা হইবে।
- (৫) এই তহবিল হইতে, বোর্ডের প্রয়োজনীয় যাবতীয় ব্যয় নির্বাহ করা হইবে।
- (৬) বোর্ড উহার তহবিল সরকার কর্তৃক অনুমোদিত কোন খাতে বিনিয়োগ করিতে পরিবে।

**১৪। জেলা কমিটির তহবিল।-**

- (১) প্রতিটি জেলা কমিটির একটি তহবিল থাকিবে এবং উহাতে বোর্ড কর্তৃক বরাদ্দকৃত অর্থ কোন ব্যক্তি বা সংস্থা কর্তৃক প্রদত্ত অনুদান এবং অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ জমা হইবে।
- (২) জেলা কমিটির তহবিলের অর্থ জেলাস্থ রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের কোন শাখায় জমা রাখা হইবে এবং জেলা কমিটির চেয়ারম্যান ও সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে এই তহবিলের অর্থ উত্তোলন করা যাইবে।
- (৩) এই তহবিল হইতে মঞ্জুরীকৃত আবেদন বা দরখাস্ত অনুযায়ী আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্মলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থীগণকে আইনগত সহায়তা প্রদান করা হইবে এবং জেলা কমিটির প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হইবে।

**১৫। আইনজীবীগণের তালিকা।-**

- (১) বোর্ড এই আইনের আওতায় প্রদত্ত আইনগত সহায়তার অধীনে, বাংলাদেশ সুপ্রীমকোর্টে দায়েরযোগ্য বা দায়েরকৃত মামলার পরামর্শ প্রদান ও মামলা পরিচালনার জন্য সুপ্রীমকোর্টের মামলা পরিচালনার অনূ্যন [৫ (পাঁচ)]<sup>৮</sup> বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণের মধ্য হইতে একটি তালিকা প্রণয়ন করিবে।
- (২) প্রত্যেক জেলা কমিটি এই আইনের আওতায় প্রদত্ত আইনগত সহায়তার অধীনে জেলার কোন আদালতে দায়েরযোগ্য বা দায়েরকৃত মামলার পরামর্শ প্রদান ও মামলা পরিচালনার জন্য জেলা আদালতে মামলা পরিচালনায় অনূ্যন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণের মধ্য হইতে একটি তালিকা প্রণয়ন করিবে।
- (৩) এই ধারার অধীন প্রণীত প্রত্যেক তালিকায় অনূ্যন একজন মহিলা আইনজীবী যদি উপযুক্ত পাওয়া যায়, রাখা হইবে।

<sup>৮</sup> ২০০৬ সালের ২৬নং আইন দ্বারা '৭' এর পরিবর্তে '৫' প্রতিস্থাপিত হবে।

- (৪) কোন বিচারপ্রার্থীর আবেদন বা দরখাস্ত বিবেচনাক্রমে যদি কোন ক্ষেত্রে, আইনগত সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়, তাহা হইলে বোর্ড বা, ক্ষেত্রমত, জেলা কমিটি উক্ত তালিকায় অন্তর্ভুক্ত কোন আইনজীবিকে এতদুদ্দেশ্যে নিযুক্ত করিবে।

তবে শর্ত থাকে যে, এইরূপ নিযুক্তির ক্ষেত্রে বিচারপ্রার্থীর পছন্দ, যতদূর সম্ভব, বিবেচনা করা হইবে।

#### ১৬। আইনগত সহায়তার জন্য আবেদন।-

- (১) এই আইনের অধীন আইনগত সহায়তার জন্য সকল আবেদন বোর্ড বা, ক্ষেত্রমত, জেলা কমিটির নিকট পেশ করিতে হইবে।
- (২) এই আইনের অধীন কোন আবেদন বা দরখাস্ত জেলা কমিটি কর্তৃক অগ্রাহ্য হইলে উহা মঞ্জুরীর জন্য সংক্ষম বিচারপ্রার্থী উক্তরূপ সিদ্ধান্তের তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে বোর্ডের নিকট আপীল পেশ করিতে পারিবেন এবং এই ব্যাপারে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

- ১৭। বাজেট।- সংস্থা প্রতি বৎসর সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্দিষ্টকৃত সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে সংস্থার কি পরিমাণ অর্থের প্রয়োজন উহার উল্লেখ থাকিবে।

#### ১৮। হিসাব ও অডিট।-

- (১) বোর্ড এবং জেলা কমিটি উহাদের আয়-ব্যয়ের হিসাববহি প্রচলিত আইন অনুসরণক্রমে যথাযথভাবে সংরক্ষণ করিবে।
- (২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর সংস্থার হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও সংস্থার নিকট পেশ করিবেন।
- (৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সংস্থার সকল রেকর্ড দলিল-দস্তাবেজ নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং যে কোন সদস্যকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

১৯। দলিল পত্র, কাগজাদি, ইত্যাদির কপি সরবরাহ।-আইনগত সহায়তার সাথে সংশ্লিষ্ট আইনজীবী এবং বিচারপ্রার্থী বরাবরে আদালত, কোর্ট ফি ছাড়া, বিনামূল্যে মামলার সহিত সংশ্লিষ্ট কাগজাদি দলিলপত্র, ইত্যাদির কপি সরবরাহ করিবে।

২০। প্রতিবেদন।-

- (১) সরকার সংস্থার নিকট হইতে যে কোন সময় উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন এবং বিবরণী আহ্বান করিতে পারিবে এবং সংস্থা উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।
- (২) জেলা কমিটি প্রতি তিন মাসে তৎকর্তৃক সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবে।

২১। পরিচালক।-

- (১) সংস্থার একজন পরিচালক থাকিবেন এবং তিনি সরকার কর্তৃক নিযুক্ত হইবেন।
- (২) পরিচালক, সংস্থার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবেন এবং বোর্ডের নির্দেশ মোতাবেক সংস্থার কার্য সম্পাদন করিবেন।
- (৩) সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে।
- (৪) উপ-ধারা (১) এর অধীনে পরিচালক নিয়োগ না হওয়া অবধি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্য হইতে চেয়ারম্যান কর্তৃক মনোনীত কোন কর্মকর্তা পরিচালকরূপে কাজ করিবেন।
- (৫) উপ-ধারা (৩) এর অধীন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ না হওয়া অবধি, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় উহার বিদ্যমান কর্মকর্তা ও কর্মচারীদের মধ্য হইতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী দ্বারা উপ-ধারা (২) এ উল্লিখিত কার্য সম্পাদনে পরিচালককে সহায়তা প্রদান করিবে।

২২। ক্ষমতা অর্পণ।- সংস্থা উহার ক্ষমতা বা দায়িত্ব সুনির্দিষ্ট শর্তে উহার চেয়ারম্যানকে অর্পণ করিতে পারিবে।

২৩। জনসেবক।- সংস্থা ও জেলা কমিটির সকল সদস্য এবং সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারী Penal Code (Act XLV of 1860) এর section 21 এ public servant

(জনসেবক) অভিব্যক্তিটি যে অর্থে ব্যবহৃত হইয়াছে সে অর্থে public servant (জনসেবক) বলিয়া গণ্য হইবে।

২৪। প্রবিধান প্রণয়নের ক্ষমত।- এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

২৫। ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।- এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে, যাহা এই আইনের অনুমোদিত ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই আইন ও উক্ত ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই আইন প্রাধান্য পাইবে।

২৬। রহিতকরণ ও হেফাজত।-

(১) সংস্থা প্রতিষ্ঠার সংগে সংগে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ৫ই চৈত্র, ১০৩ বাৎ মোতাবেক ১৯শে মার্চ, ১৯৯৭ ইং তারিখে এসু, আর, ও নম্বর ৭৪-আইন/১৯৯৭ এর মাধ্যমে জারীকৃত রিজলিউশন, অতঃপর উক্ত রিজলিউশন বলিয়া উলিখিত, বাতিল হইয়া যাইবে।

(২) উক্ত রিজলিউশন বাতিল হইবার সংগে সংগে উক্ত রিজলিউশনের অধীন-

(ক) গঠিত জাতীয় আইনগত সহায়তা কমিটি এবং জেলা কমিটিগুলি বিলুপ্ত হইবে;

(ক) বিলুপ্ত জাতীয় আইনগত সহায়তা কমিটি ও জেলা কমিটির সকল সম্পদ এবং নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ যথাক্রমে সংস্থা ও এই আইনের অধীন গঠিত জেলা কমিটির সম্পদ ও অর্থ হইবে;

(খ) বিলুপ্ত জাতীয় আইনগত সহায়তা কমিটি এবং জেলা কমিটি কর্তৃক আইনগত সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রদত্ত অর্থ যথাক্রমে বোর্ড বা, ক্ষেত্রমত, এই আইনের অধীন গঠিত জেলা কমিটি কর্তৃক প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

## আইনগত সহায়তা প্রদান প্রবিধানমালা, ২০০১

তারিখ, ২৪শে মে ২০০১/১০ই জ্যৈষ্ঠ ১৪০৮

এস, আর, ও নং ১৩১-আইন/২০০১-আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল যথা:

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।- এই প্রবিধানমালা আইনগত সহায়তা প্রদান প্রবিধানমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

- ২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-
- (ক) “আইন” অর্থ আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন);
- (খ) “আবেদনকারী” অর্থ সহায়তা প্রাপ্তির উদ্দেশ্যে যে ব্যক্তি সংস্থা বা ক্ষেত্রমত, জেলা কমিটি বরাবরে আবেদন করিয়াছেন;
- (গ) “নির্ধারিত” অর্থ সংস্থা বা জেলা কমিটি কর্তৃক নির্ধারিত;
- (গ) “সহায়তা” অর্থ আইনগত সহায়তা।

৩। **আইনগত সহায়তার জন্য আবেদন, ইত্যাদি**।-

- (১) সহায়তা পাওয়ার উদ্দেশ্যে কোন ব্যক্তি তাহার নাম, পূর্ণ ঠিকানা এবং সহায়তা চাওয়ার কারণ উল্লেখ করিয়া একটি সাদা কাগজে আবেদন করিবেন।
- (২) যে বিষয়ে সহায়তা চাওয়া হইতেছে, উহা সুপ্রীমকোর্টের কোন বিভাগে বিচারের বিষয় হইলে সংস্থার চেয়ারম্যান এবং অন্যান্য আদালতের বিচারের বিষয় হইলে জেলা কমিটির চেয়ারম্যান এর নিকট আবেদন করিতে হইবে।
- (৩) উপ-প্রবিধান (১) অনুসারে কোন আবেদন দাখিল করা হইলে সংস্থা বা ক্ষেত্রমত, জেলা কমিটি উহাতে একটি নম্বর প্রদান করিয়া নির্ধারিত রেজিস্ট্রারে আবেদনপত্রের বিবরণ লিপিবদ্ধ করিবে, আবেদনকারীকে একটি প্রাপ্তি রশিদ প্রদান করিবে এবং আবেদনপত্রটির উপর সিদ্ধান্ত গ্রহণের জন্য সংস্থা বা জেলা কমিটির অব্যবহিত পরবর্তী সভায় উপস্থাপনের ব্যবস্থা করিবে।
- (৪) আবেদনে উল্লিখিত তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব না হইলে সংস্থা বা জেলা কমিটি প্রয়োজনীয় বলিয়া বিবেচিত অতিরিক্ত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের জন্য আবেদনকারীকে পরামর্শ দিতে পারিবে।

(৫) সংস্থা বা জেলা কমিটির সভায় উপস্থাপিত কোন আবেদন বিবেচিত হইয়া সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে তৎমর্মে সংস্থা বা জেলা কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে আবেদনকারীকে অবহিত করা হইবে।

৪। তালিকাভুক্ত আইনজীবীগণের মধ্য হইতে আইনজীবী মনোনয়ন। উপ-প্রবিধান ৩(৫) এর অধীন সিদ্ধান্ত গৃহীত হইলে সংশ্লিষ্ট মামলা পরিচালনার জন্য সংস্থা বা, ক্ষেত্রমত, জেলা কমিটি আইনের অধীন তালিকাভুক্ত আইনজীবীগণের মধ্যে হইতে অনূন ৩ (তিন) জন আইনজীবীকে মনোনীত করিবে, যাহাদের মধ্য হইতে আবেদনকারীর সম্মতি সাপেক্ষে একজন আইনজীবীকে মামলা পরিচালনার জন্য নিযুক্ত করা হইবে।

৫। আইনজীবী কর্তৃক অনুসরণীয় বিষয়াবলী।-

- (১) আইনজীবী মামলা পরিচালনার জন্য আবেদনকারীর নিকট হইতে কোন ফি বা খরচাদি দাবী করিবেন না।
- (২) প্রবিধান ৪ এর অধীন নিযুক্ত আইনজীবী সংশ্লিষ্ট মামলার একটি প্রতিবেদন প্রতি তিন মাস অন্তর সংস্থা বা জেলা কমিটি বরাবরে প্রেরণ করিবে।

৬। আইনজীবীগণের প্রাপ্য ফি এর হার, ইত্যাদি।-

(১) মামলা পরিচালনার ক্ষেত্রে আইনজীবীগণ নিম্নবর্ণিত হারে ফি প্রাপ্য হইবেন, যথাঃ-

(ক) সুপ্রীমকোর্ট ব্যতীত অন্যান্য আদালতে দেওয়ানী ও পারিবারিক মামলায়-

- ১) আরজি ও আপীল স্মারক প্রস্তুতের জন্য সর্বোচ্চ ১,০০০.০০ টাকা;
- ২) লিখিত জবাব প্রস্তুতের জন্য সর্বোচ্চ ১,০০০.০০ টাকা;
- ৩) ছানী মামলার দরখাস্ত বা আপত্তি প্রস্তুতের জন্য সর্বোচ্চ ৬০০.০০ টাকা;
- ৪) অন্তর্বর্তীকালীন (Interlocutory) দরখাস্ত বা এতদসংক্রান্ত আপত্তি প্রস্তুতের জন্য সর্বোচ্চ ৫০০.০০ টাকা;
- ৫) সাধারণ দরখাস্ত (সময়ের দরখাস্ত ব্যতীত) প্রস্তুতের জন্য সর্বোচ্চ ১০০.০০ টাকা;

৬) সাক্ষ্য গ্রহণের (চূড়ান্ত শুনানী) ক্ষেত্রে,-

(অ) পারিবারিক মামলার জন্য সর্বোচ্চ ৫০০.০০ টাকা;



- (আ) দেওয়ানী মামলার জন্য সর্বোচ্চ ৮০০.০০ টাকা;
- (৭) যুক্তিতর্ক বা আপীল মামলা শুনানীর জন্য সর্বোচ্চ ৫০০.০০ টাকা;
- (৮) সময়ের দরখাস্ত ব্যতিরেকে বিভিন্ন জরুরী দরখাস্ত শুনানীর জন্য সর্বোচ্চ ২০০.০০ টাকা।
- (খ) সুপ্রীমকোর্ট ব্যতীত অন্যান্য আদালতে ফৌজদারী মামলা পরিচালনার ক্ষেত্রে, আইনজীবীগণ সহকারী পাবলিক প্রসিকিউটরদের জন্য প্রযোজ্য হারে ফি প্রাপ্য হইবেন;
- (গ) সুপ্রীমকোর্টে মামলা পরিচালনার ক্ষেত্রে আইনজীবীগণ সর্বোচ্চ ২, ০০০.০০ টাকা ফি প্রাপ্য হইবেন।
- (২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্য ফি এর বিল সংশ্লিষ্ট আদালত কর্তৃক প্রত্যায়িত (Verified) হইতে হইবে।

৭। জেলা কমিটির ব্যয় নির্বাহ।- সহায়তা প্রদানের নিমিত্ত আইনজীবী ফি ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়, আইনের বিধান সাপেক্ষে, সংস্থা বা জেলা কমিটির তহবিল হইতে নির্বাহ করা হইবে।

তবে শর্ত থাকে যে, অন্যান্য ব্যয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থ বৎসরে বোর্ড কর্তৃক বরাদ্দকৃত অর্থের শতকরা ১০ (দশ) ভাগের অতিরিক্ত অর্থ জেলা কমিটি ব্যয় করিতে পারিবে না।

### আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০০১

#### প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে মে ২০০১/১০ই জ্যৈষ্ঠ ১৪০৮

এস, আর, ও নং ১৩০-আইন/২০০১-আর্থিকভাবে অসচ্ছল, সহায় সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ ব্যক্তিগণকে আইনগত সহায়তা প্রদানের উদ্দেশ্যে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর ধারা ৭(ক) এর বিধান মোতাবেক নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল, যথা:

১। **সংক্ষিপ্ত শিরোনাম।-** এই নীতিমালা আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০০১ নামে অভিহিত হইবে।

২। আইনগত সহায়তা প্রাপকের যোগ্যতা।-অন্যান্যের মধ্যে, নিম্নবর্ণিত ব্যক্তিগণ আইনগত সহায়তা পাওয়ার যোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে, যথা:

- (ক) কর্মক্ষম নন, আংশিক কর্মক্ষম, কর্মহীন বা বার্ষিক ৬,০০০ টাকার উর্ধ্বে আয় করিতে অক্ষম এমন মুক্তিযোদ্ধা;
- (খ) বয়স্ক ভাতা পাইতেছেন এমন কোন ব্যক্তি;
- (গ) ভি জি ডি কার্ডধারী দুঃস্থা মাতা;
- (ঘ) পাচারের ফলে ক্ষতিগ্রস্ত নারী বা শিশু;
- (ঙ) দুর্বৃত্ত দ্বারা এসিড দগ্ধ নারী বা শিশু;
- (চ) আদর্শ গ্রামে গৃহ বা ভূমি বরাদ্দ প্রাপক কোন ব্যক্তি;
- (ছ) অসচ্ছল বিধবা, স্বামী পরিত্যক্তা এবং দুঃস্থা মহিলা;
- (জ) উপার্জনে অক্ষম এবং সহায় সম্বলহীন প্রতিবন্ধী;
- (ঝ) আর্থিক অসচ্ছলতার দরুন আদালতে অধিকার প্রতিষ্ঠা বা আত্মপক্ষ সমর্থন করিতে অসমর্থ ব্যক্তি;
- (ঞ) বিনা বিচারে আটক এমন ব্যক্তি যিনি আত্মপক্ষ সমর্থন করার যথাযথ ব্যবস্থা গ্রহণে আর্থিকভাবে অসচ্ছল;
- (ট) আদালত কর্তৃক আর্থিকভাবে অসহায় বা অসচ্ছল বলিয়া বিবেচিত ব্যক্তি;
- (ঠ) জেল কর্তৃপক্ষ কর্তৃক আর্থিকভাবে অসহায় বা অসচ্ছল বলিয়া সুপারিশকৃত বা বিবেচিত কোন ব্যক্তি;
- (ড) আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ এর উদ্দেশ্য পূরণকল্পে সংস্থা কর্তৃক সময় সময় চিহ্নিত আর্থিকভাবে অসচ্ছল, সহায় সম্বলহীন, নানাবিধ আর্থ-সামাজিক এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত ব্যক্তি যিনি আর্থিক অসচ্ছলতার কারণে স্থায়ী অধিকার প্রতিষ্ঠার মামলা পরিচালনায় অসমর্থ।

ব্যাখ্যা।- এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে “অসচ্ছল বা আর্থিকভাবে অসচ্ছল ব্যক্তি” অর্থে এমন ব্যক্তিকে বুঝাইবে যাহার বার্ষিক গড় আয় ৩,০০০ (তিন হাজার) টাকার উর্ধ্বে নয়।

## BIBLIOGRAPHICAL INDEX

- Abraham, Henry J, *The Judicial Process*, 5th ed, (London, New York, Toronto : Oxford University Press, 1986)
- Ahmed, Justice Amin, *Judicial Review of Administrative Action*, (Dhaka : University of Dhaka, 1969)
- Alder, John, *Constitutional and Administrative Law*, (London : Macmillan, 1989)
- Ali, Anser, J, *Our Society and the Necessity of Legal Aid*, 13 BLD.
- Bakar, Khandakar Md. Abu, *The Weary Way to Justice*, (Dhaka: 219/B, Khilgaon Chowdhury Para, 1994)
- Blackstone's *Criminal Practice*, 2001 (London: Blackstone)
- Blackstone's *Civil Practice*, 2001 (London: Blackstone)
- Brohi, A.K, *Fundamental Law of Pakistan*, (Karachi : Din Muhammadi Press, 1958)
- CAC, 1994: Facts sheet on *Independence of Judiciary*
- Chowdhury, Justice Abdur Rahman, *Democracy, Rule of Law and Human Rights*, (Dhaka : Dhaka University, 1992)
- Chowdhury, Justice Badrul Haidar, *Evolution of the Supreme Court of Bangladesh*, (Dhaka : Dhaka University, 1990)
- Denning, Lord, *What Next in the Law*, (Butterworths: New Delhi, 1993)
- Denning, Lord, *The Discipline of Law*, (Butterworths: New Delhi, 1993)
- Drewry, Gavin, *Law, Justice and Politics* (London: Longman, 1975)
- Dworkin, Ronald, *Law's Empire*, 1998
- Ganguli, Basudev, *The Administrative Tribunal Act, 1980* (in Bengali) (Dhaka: Warsi Book Corporation, 1993).
- Griffith, J.A.G., *The Politics of the Judiciary*, 5<sup>th</sup> ed. (Fontana Press, 1997)
- Gupta and Sarkar, *Overview of Indian Legal and Constitutional History* (Surjeet Publications: Delhi, 1982)
- Halim, Md. Abdul, *Constitution, Constitutional Law and Politics: Bangladesh Perspective*, 2<sup>nd</sup> ed. (Dhaka: 2003)
- Halim, Md. Abdul, *The Supreme Court's Decision in Masder Hossain Case: How long will it be a Matter of Pull and Haul?*, 29<sup>th</sup> August, 2003, Daily Independent.
- Haque, Azizul, *The Legal System of Bangladesh*, (Dhaka: BILIA, 1980)
- Harrison, John and Bob Mitchell, *Public Administration: A Case Study Approach* (London: Pitman, 1991)
- Haskell, Martin R., Lewis Yablonsky, *Criminology: Crime and Criminality* (Chicago: Rand McNally College Publishing Co., 1974)
- Hasan, A.F.Arif, *The Judiciary: Bulwark Against Illegal Detention*, (Dhaka : 1996)

- Hart, H.L.A., *The Concept of Law*, (London: Longman, 1961)
- Hidayatullah, M., *Democracy in India and Judicial Process*, (New Delhi: Asia Publishing House, 1965)
- Holland, Kenneth M., *Judicial Activism in Comparative Perspective* (London: Mcmillan, 1991)
- Huq, Zahirul, *Law and Practice of Criminal Procedure* (Bangladesh Law Book Company, 2003)
- Ingman, Terrence, *The English Legal Process*, 8<sup>th</sup> ed. (London: Blackstone, 2000)
- Islam, Mahmudul, *Constitutional Law of Bangladesh*, (Dhaka: Bangladesh Institute of Law and International Affairs, 1995)
- Jain, MP, *Indian Constitutional Law*, 4th ed, (India: Wadhwa and Company, 1994)
- Jain, MP, *Outlines of Indian Legal History*, 5th ed, (India: Wadhwa and Company, 1993)
- Kamal, Justice Mustafa, *Bangladesh Constitution : Trends and Issues*, (Dhaka: Dhaka University, 1994)
- Khan, Habibur Rahman, J, *Legal Aid, Human Rights and Rule of Law*
- Khandaker, Md. Abu Bakar, *The Weary Way to Justice* (Dhaka: 1994)
- Kulshreshth'a *Indian Legal and Constitutional History*, sixth Ed. (Eastern Book Company: Lucknow)
- Martin, Jacquelline, *The English Legal System*, 3<sup>rd</sup> ed. (Hodder & Stoughton, 2002)
- Maxwell on the Interpretation of Statutes, 12<sup>th</sup> ed. (Bombay: Tripathi, 1976)
- Miah, Siddiqur Rahman, *Manual of Practical Instructions for the Conduct of Civil Suits* (New Warsi Book Corporation, 2001)
- Miah, Siddiqur Rahman, *Commentary on Civil Rules and Orders* (New Warsi Book Corporation, 2001)
- Munim, F.K.M.A., *Rights of the Citizen Under the Constitution and Law*, (Dhaka : Bangladesh Institute of Law and International Affairs, 1975)
- N.S. Brindha's Interpretation of Statutes, 9<sup>th</sup> Edition (New Delhi: Butterworths, 2002)
- Patwary, Dr. Mafizul Islam, A.B.M., *Legal System of Bangladesh* (HEAB: Dhaka, 1991)
- Pirzada, Sharifuddin, *Fundamental Rights and Constitutional Remedies in Pakistan* (Lahore: All Pakistan Legal Decisions, 1966)
- Rahim, A, *Police Regulations Bengal*, 1943 (Vol-1), (BG Press, 1997)
- Rahman, Latifur, C.J. *Judicial Independence and Accountability of Judges and the Constitution of Bangladesh*, (20 BLD 2000 journal 85)
- Rashid, Md. Abdur, *Challenge to the Independence of Judiciary*, (46 DLR)
- Salmond on Jurisprudence, 12<sup>th</sup> Edition, (London: Sweet and Maxwell, 1966)
- Sarkar, S.C, *Sarkar's Code of Civil Procedure*, 10<sup>th</sup> Edition, 2002 (Wadhwa and Company Nagpur, India, 2002)

- Sarkar, S.C, *Sarkar's Evidence*, 15<sup>th</sup> Edition, 2002 (Wadhwa and Company Nagpur, India, 2002)
- Seervai, *Constitutional Law of India*, Vol. 1 & 2 (Bombay: N.M. Tripathy Pvt. Ltd. 1993)
- Slapper, Gary and David Kelly, *The English Legal System*, 4<sup>th</sup> Edition (London: Cavendish Publications, 1999)
- Smith, Kenneth and Dennis Keenan, *English Law*, 7<sup>th</sup> Ed. (Pitman)
- Takwani, C.K, *Lectures on Administrative Law*, 2nd ed, (India: Eastern Book Company, 1994)
- Tope, T. K, *Constitutional Law of India*, (India : Eastern Book Company, 1986)
- Varshni, H.P. *Criminal Trial and Judgment*, 3<sup>rd</sup> Edition (Lucknow: Eastern Book Co. 1985)
- Walker and Walker, *The English Legal System*, 7<sup>th</sup> ed. (London: Butterworths, 1994)
- Walker, David, M. *The Oxford Companion to Law*, (Oxford: Clarendon Press, 1980)
- Zahir, Md, *Delay in Courts and Court Management*, (Dhaka: BILIA, 1985)
- Zander, Michael, *Cases and Materials on the English Legal System*, 7<sup>th</sup> Edition, 1996

### Statutes, Rules and Reports

- The Constitution of Peoples' Republic of Bangladesh
- The Code of Criminal Procedure, 1898
- The Code of Civil Procedure, 1908
- Criminal Rules and Orders
- Civil Rules and Orders
- The Supreme Court of Bangladesh (Appellate Division) Rules, 1988
- The Bangladesh Legal Practitioners and Bar Council Order and Rules, 1972
- The Civil Courts Act, 1887
- The Legal Aid Act, 2001
- The Legal Aid Rules, 2001
- The Administrative Tribunals Act 1980
- The Administrative Tribunals Rules, 1982
- The Customs Act 1969
- Income Tax Ordinance 1984
- The Industrial Relations Ordinance
- The Industrial Relations Rules, 1977
- The Special Powers Act 1974

- The Arms Act, 1878
- The Emergency Powers Act, 1975
- The Cruelty to Women (Deterrent Punishment) Ordinance, 1983
- The Penal Code, 1860
- The Explosive Substances Act, 1908
- The Small Causes Courts Act 1887
- The Family Court Ordinance, 1985
- The Muslim Family Laws Ordinance 1961
- The Village Court Ordinance, 1976
- The Motor Vehicles Act, 1988
- The Police Act, 1861
- The Police Regulations Bengal, 1943
- The Evidence Act, 1872
- The Law Commission Reports 1996-2002
- The Indian Law Reports Act 1875
- The Public Servants (Discipline and Appeal) Rules 1985

**A**

Acquittal, 178  
 Adalat Nazim-e-Subah, 48  
 Administrative Justice, 134  
 Adversarial Process, 160  
 Alamguzari Kachari, 52  
 Alternative Dispute Resolution, 189  
 Amalguzar, 52  
 Arbitration, 190  
 Attorney, 329  
 Attorney General, 39, 328, 331

**B**

Burden of Proof, 181 (f.n.)  
 Bench (Single, double, full, special) 17,  
 226

**C**

Certiorari, 83, 89  
 Child Legislation, 241  
 Clause  
   -deeming 118  
   -non-obstante 101  
 Cognizable and Non-cognizable offence,  
 164 (f.n.)  
 Cognizance power, 102  
 Cognizance power and power of trial, 103  
 Cognizance power a judicial power, 103  
 Common Pleas, 260  
 Common Law and Civil Law  
 Jurisprudence, 139  
 Complete Justice, Power of, 95  
 Corpus juris, 269  
 Council d'Etat, 141, 127  
 Court of Appeal, 256, 257, 265  
 Court of Collector, 62  
 Court of Exchequer, 260  
 Courts of Requests, 62  
 Court of Quarter Session, 58, 62  
 Court of Sessions, history of, 77  
 Crown Court, 260  
 Curia advisari vult (Cur.adv.vult), 257, 276

**D**

Dadbak, 48  
 Darogha, 51  
 Daroga-e-Adalat, 50, 51  
 Darga-e-Adalat-e-Subab, 51  
 Delegatus non potest delegare. 244  
 Discharge, 176, 178, 179  
 Diwan-e-Ala, 51  
 Diwan-e-Mazalim, 47  
 Diwan-e-Risalat, 47  
 Diwan-e-Siyat, 47  
 Diwan-e-Subah, 48, 49, 51  
 Diya, 54, 55

Doctrine of convergence, 140  
 Droit Administratif, 134, 138

**E**

Enabling Act, 249  
 Executive law, 236  
 Ex parte, 195  
 Ex-officio Chairman, 331  
 Extra-judicial function, 97  
 Fact in issue, 192 (f.n.)

**F**

Fatwai-i-Alamgiri, 52, 54  
 Federal Court of India, 68-71  
 Federal Court of Pakistan, 70-71  
 Fiqh-e-Firoz Shahi, 52  
 FIR, Non-FIR cases 162 (f.n.)

**G**

GD Entry, 164  
 Golden rule, 296

**H**

Habeas Corpus, 84, 90  
 Hadd, 53, 55  
 Hidayat, 54  
 House of Lords, 265

**I**

Innocence, Presumption of, 160  
 Inter alia, 188  
 Ijtidad, 53

**J**

Judicial Committee, 259  
 Judgment Ex tempore, 257, 283  
 Justice of the Peace, 58, 62  
 Justice  
   -natural justice 85 (f.n.), 92, 138  
   -administrative justice 134  
   -complete justice 95  
   -procedural justice 347

**K**

Keepers of the Peace, 129  
 King-in-Council (Privy Council) 58-61, 97.  
 King-in-Parliament, 83  
 Kotwal, 49  
 Kotwai-e-Shahar, 52

**L**

Letters Patent, 57

**M**

Mandamus, 84, 88

- Magistrate's Courts,  
history of, 72
- Mediation, 189
- Mir Adil, 51
- Mohakuma-e-Adalat, 50
- Mohtasib, 48, 51
- Moral Rights, 37
- Mufassil, 57, 62, 64, 65, 66, 329
- Mufti, 47, 49, 51
- Mukhtar, 328-330
- Munsif Court, history of, 74-78
- N**
- Naraji petition, 167
- Natural Justice, 85(f.n), 92, 138
- Nazim-e-Subah, 51
- Neighbour Principle, 253-254
- No Case to Answer, 176, 193
- O**
- Obiter, 255, 256, 277
- Overruling-reversing, 260, 262-263
- P**
- Panchayat, 52
- Pandit, 48, 51
- Peshker, 51
- Per incuriam, 259, 267, 268
- Petty session, 130
- Pleader, 329, 330
- Post-trial stage, 212
- Pre-proceeding stage, 176
- Privy Council (King-in-Council) 58, 70, 71
- Primary and Plenary Rule making power, 238
- Proof, Criminal Standard of, 160
- Q**
- Qazi-ul-Quzat, 47, 51
- Qazi-e-Parganah, 49
- Qisas, 53, 54, 55
- Quarter session, 129
- Quasi-judicial body, 85, 86, 135, 145, 146
- Quasi-judicial determination, 89
- Quazi-e-Askar, 50
- Quazi-e-Sarker, 52
- Quazi-e-Subah, 48, 49, 51
- Queen's Bench, 260
- R**
- Ratio, 252, 277
- S**
- Sadar Amins, 76, 78
- Sadar Diwani Adalat, 66, 72, 73, 74, 75, 77, 78
- Sadar Nizamat Adalat, 66, 72, 74, 75, 77, 78
- Sadre-e-Jahan, 47
- Sadre Subah, 48
- Sharia, 53
- Senior Judicial Magistrate, 116
- Separation of Power, 96
- Small Causes Courts, 62-63, 66-67, 112-113, 155-156
- Standard of proof, 181
- Stare Decisis, 252, 291, 292
- Suo motu, 91, 93, 95, 108, 229
- Sub-silento, 268
- Summons and Warrant, 169, 177, 188 (f.n.)
- T**
- Tazir, 53, 55
- Tehsilder, 75
- Tribunaux Administratif, 141
- Trial stage, 161
- U**
- Ultra vires, 137, 249, 250
- V**
- Vakil, 328, 329
- Vakil-e-Sharayat, 51
- Village Courts, 113, 157
- Volkalatnama, 324
- Wednesbury Sense Unreasonableness, 301
- W**
- Writ, history of, 83
- Writ of Quo Warranto, 87, 88
- Writs, Prerogative, 83